মাঝেমধ্যে মনে হয় তার সাহিত্যিক পরিচয়ের চেয়ে তার সংগঠক পরিচয়ই অধিকতর শক্তিশালি। আবার সংগঠক পরিচয়ের চেয়ে দার্শনিক, সাহিত্য সমালোচক, সমাজ সংস্কারক হিসাবে ভূমিকা বেশি। এইটা আমার কাছে 'ছফার পাজল' মনে হয়। আবার মনে হয় তার সাহিত্য অন্য সকলের চেয়ে শক্তিশালী।

ছফা একজন লেখক, বুদ্ধিজীবী, অনুবাদক ইত্যাদি। তবে এসবের থেকে আমার কাছে ছফার যে পরিচয়টা বড় ভাবে ধরা দেয় তা হলো তিনি একজন সমালোচক। পাবলিক ভার্সিটি কেন্দ্রিক বাংলাদেশের প্রধান যে শিক্ষক সমাজ এবং তৎকালীন বুদ্ধিজীবী নামে দালাল শ্রেণি, এদের ভিতরের অবস্থাটা যে এত করুণ হয়ে গিয়েছিলো, ছফা সেটাকে প্রচন্ডভাবে আঘাত করেছিলেন তার অবস্থান থেকে। গাভী বৃত্তান্ত, বুদ্ধি বৃত্তির নতুন বিন্যাস- এর প্রমাণ এবং মজার ব্যাপার হলো আমার মনে হয়েছে উনার প্রতিটি বইয়ে ঘুরেফিরে এই প্রসঙ্গটা এনেছেন। সেটা পুষ্প, বৃক্ষ ও বিহঙ্গ পুরাণেও, অর্ধেক নারী অর্ধেক ঈশ্বরীতেও।

বর্তমান প্রেক্ষাপটে এমন একজন সমালোচকের অভাব আমি অনুভব করি। যিনি আমাদের গোঁড়ামি, শিক্ষা ব্যবস্থা, পরিচালনা পদ্ধতিগত যত অবৈধ বা অনৈতিক পথ আছে সেসবের বিরুদ্ধে বলবেন। কেউ কেউ হয়তো বলেন, এখন যারা সমালোচনা করেন তাদের কণ্ঠস্বর অতটা জোরালো না। যারা বলতে চান এসব ব্যাপারে তাদের তো আমরা একঘরে করে দেবো সেই ভয়ও কাজ করে হয়তো।

ছফার 'যদ্যপি আমার গুরু' বইটা নিয়ে দেখেন। প্রফেসর রাজ্জাককে আমি তো চিনতামই না যদি এই বইটা না পড়তাম। আমাদের শিক্ষাব্যবস্থায় যেসব মহাপুরুষদের জ্ঞানের চর্চা যুগ যুগ ধরে করে যাচ্ছেন, তাদের সুক্ষ্ম সুক্ষ্ম গবেষণালব্ধ ব্যাখ্যাগুলি, তাদের জীবন যাপনের প্রকৃত চিত্র, তাদের দেশ সমাজকেন্দ্রিক ভাবনা চিন্তা এসব আমরা যদি না ধরে রাখতে পারি, তাহলে আমাদেরই অপূর্ণতা থেকে যাবে। তাই এ ধরনের কাজ আমাদের মধ্য থেকে হওয়া খুব দরকার বলে আমার মনে হয়।

ছফার জীবন যাপনের দ্বারা আমি একটা সময় প্রভাবিত হয়েছি এবং সেই ধারাটা এখনো আদর্শ মনে করে বুকে নিয়ে ঘুরছি। যেটা আগেও বললাম, নিভৃতচারী একটা ব্যাপার। এর বাইরেও ছফার আরো গুরুত্বপূর্ণ দিক আছে। আচ্ছা মাঝেমধ্যে মনে হয়, ছফাকে তো তার জীবদ্দশায় অনেকটা এড়িয়েই গেছেন আমাদের মূলধারার লোকজন, অনেকটা জীবনানন্দ দাশের মত। অথচ আজকে জীবন বাবু কোথায়! সেই পথে কি ছফার অস্তিত্বটাও আগাচ্ছে? এই প্রশ্নের উত্তরের জন্য আরো হয়তো দশ বছর অপেক্ষা করতে হবে, হয়তো বা তার চেয়েও বেশি।

**৫. আহমদ ছফার সাহিত্য এবং ঐতিহাসিক দলিল**

আহমদ ছফার "অর্ধেক নারী, অর্ধেক ঈশ্বরী" উপন্যাসটি অনেক ইতিহাসের সাক্ষী বহন করে। যুদ্ধ পরবর্তী স্বাধীন দেশের রাজধানী ঢাকার এক স্পষ্ট দৃশ্য উপন্যাসটিতে ফুটে উঠেছে। পাঠকের চোখে যেনো সেই ঢাকার এক ছবি ফুটে উঠবে উপন্যাসটি পড়ে। স্বাধীনতা পরবর্তী যে উগ্রবাদী বাম সমাজপতিরা মাথাচাড়া দিয়ে উঠেছেন তার নমুনাবিন্দু দেখা যায় এই উপন্যাসে।পরবর্তীতে শেখ মুজিবের আততায়ীদের হাতে নিহত হবার ঘটনা এবং সবচেয়ে ইন্টারেস্টিং বিষয় হল তিনি সরাসরি মেজর জেনারেল জিয়া, কর্নেল তাহের, খালেদ মোশারফ এবং মঞ্জুর কথা তুলে এনেছেন। প্রসঙ্গত তিনি তাদেরকে দোষারোপ করতে পারেননি। কারণ শেখ মুজিব বাংলার মানুষের স্বাধীনতার কথা বলেই ধরা পড়েছিলেন পাকিস্তানী সৈন্যদের হাতে।

বাইরের মূল কাজটা যে কজন মহান সেনানায়ক করেছিলেন তারাই হলেন এই ব্যক্তিত্বগুলি। তাই একজন মুক্তিযোদ্ধা হয়ে অন্য মুক্তিযোদ্ধাদের অবিশ্বাস করার মতো দুঃসাহস দেখাতে চাননি।একটা সময় বামপন্থীরাই ছিলেন পূর্ব বাংলার প্রধান রাজনৈতিক শক্তি। সেই শক্তি স্বাধীনতার পরবর্তীকালে কিরকমের উদ্ভট চিন্তার উপর ভিত্তি করে ধ্বংসের দিকে ধাবিত হয়েছে তার চিত্র দেখা যায়। নারীত্ব নিয়ে তাদের কি কৃপণ এবং অসভ্য চিন্তাকুল তৈরি হয়েছিল তারও একটি নির্মোহ চিত্র আছে উপন্যাসে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসম্প্রদায়ের যে চরিত্রগত অবক্ষয় তাও চিত্রায়িত হয়েছে বইটাতে।
ছফা তাঁর 'অলাতচক্রে' যে ডাইলেক্টিক্স উপস্থাপন করেছেন তা মুক্তিযুদ্ধের সময়ে কলকাতায় অবস্থানকারী শরণার্থী, মুক্তিযোদ্ধা, চোরছেঁচড়, নেতা, পার্টিকর্মী, সংস্কৃতিকর্মী, ভুঁইফোঁড়দের নিয়ে চাঁছাছোলা এক পরাক্রম দলিল চিত্র। একদিকে বলা যায় চলচ্চিত্রকার জহির রায়হানের ভূমিকা উনি একাই পুরণ করেছেন ৮০'র দশকে অলাতচক্রের মত দলিলটি লিখে! জহির রায়হান এই কর্মটি সম্পাদন করতে পারতেন প্রামাণ্য চিত্রে, একটি ভিন্ন মাধ্যমে, কিন্তু এক অবিশ্বাস্যজনক ভাবে উনি অন্তর্ধান হলেন দেশ স্বাধীন হওয়ার অনতিবিলম্বে। এ যেন নেতাজী সুভাষ চন্দ্র বসুর মতন রহস্যজনক ভাবে হারিয়ে গেলেন এবং আশ্চর্যজনক হলেও সত্য যে আজও এই দুই বাঙালীর অন্তর্ধানের রহস্য উন্মোচনের জন্যে উভয় দেশের সরকারই কোন সঠিক ও প্রকৃত উদ্যোগ নেয়নি। জনশ্রুতি আছে যে শিল্পী জহির রায়হান, ছফা ভাইয়ের মতন সেলুলডের ফিতেয় ধারণ করেছিলেন কলকাতার শরণার্থী, বুদ্ধিজীবী ও নেতাদের কর্মকান্ড নিয়ে দৃশ্যজ ডাইরী, যাতে ছফা ভাইয়ের মতন না দেখা বিচিত্র ঘটনার ডায়ালেক্টিক্সে ভরা এবং জহির রায়হান যে ডাইরী লিখতেন, কলকাতার দৃশ্যজ দিনলিপির কথা- এসব জানতে পারি খুব সম্ভবত সাংবাদিক ও লেখক শাহরিয়ার কবিরকৃত সম্পাদিত জহির রায়হান রচনাবলীতে লিখিত ভুমিকাতে। তবে এই খেরো খাতার অস্তিত্ব সম্পর্কে হয়তো শাহরিয়ার কবির জানতে পারেন। যাই হোক, আমি অনুমান করি তা ছফা ভাইয়ের মতন একই মাত্রাগত অভিপ্রায় ছিল, যাতে পার্টিগত আত্ম-সমালচনার সুযোগ ছিল যা পরবর্তিতে একটা নতুন সিন্থেসিস দিতে পারতো। এই আত্ম-সমালোচনা দিকটি, আজকের রাজনৈতিক অচলাবস্থার পরিপ্রেক্ষিতে খুবই সুপ্রযুক্ত।

**৬. আহমদ ছফার চিন্তায় ব্যক্তি স্বাধীনতা**

আহমদ ছফা তার সাহিত্যের চরিত্রায়ন দিয়ে বুঝিয়েছেন বাংলাদেশের স্বাধীনতার যে ভিত্তিগুলি ছিলো তা যে কতটা নড়বড়ে সেটা। বাঙ্গালীরা যে রাষ্ট্রীয় স্বাধীনতা এবং ব্যক্তি স্বাধীনতা একই পাল্লায় রেখে ভুল করেছিলেন সেটাই প্রকাশের চেষ্টা করেছেন। রাষ্ট্রযন্ত্রের স্বাধীনতা ও ব্যক্তিসত্ত্বার স্বাধীনতার যে বিস্তার ফারাক তা তুলে এনেছেন তার সাহিত্যে। এখানে ব্যক্তি স্বাধীনতা যে ডুকরে ডুকরে কাঁদে তার একটা নির্মোহ ছাপ দেখা যায় তার বেশ কিছু চরিত্রে। আবার আমাদের কে বোঝায় প্রেম মানে দুই জন মানুষের অনুভূতির বিষয়; সেই অনুভূতিটুকু না থাকলে, ফিকে হয়ে গেলে প্রেম আর থাকে না।

**৭. আহমদ ছফার রাষ্ট্র চিন্তা এবং বাংলাদেশের রাজনৈতিক সংকট**

আহমদ ছফা রচনাবলি অনুসারে তিনি একটা বাক্য বলেছেন তা এই রকম: "আমি বরাবর বলেছি, আওয়ামী লীগ যখন জিতে তখন শেখ হাসিনা তথা কিছু মুষ্টিমেয় নেতা জিতেন, আর আওয়ামী লীগ যখন হারে গোটা বাংলাদেশ পরাজিত হয়।" কথাটার একটা ব্যাখ্যাও হাজির করিছিলেন মহাত্মা আহমদ ছফা স্বয়ং। তিনি বলেছিলেন, "আমি আওয়ামী লীগার নই, কিন্তু আওয়ামী লীগের পলিটিক্যাল কনটেন্ট আউটলিব করার মতো কোনো পলিটিক্স আমরা তৈরি করতে পারিনি। আওয়ামী লীগ থেকে উত্তরণ ঘটিয়ে ভিন্নরকম রাজনীতি সৃষ্টি করার চেষ্টা আমরা করেছি, করতে পারিনি।"
আহমদ ছফা বলেছেন "আওয়ামী লীগ ও বিএনপি দুই দলেরই কালচার বা সংস্কৃতি হচ্ছে গণতান্ত্রিক চিন্তার শত্রু, সরাসরি সামন্ততান্ত্রিক চিন্তার একটা প্রকাশ।" আনিসুর রহমান নামধারী জনৈক অধ্যাপকের কথা ধার করে তিনি এই সংস্কৃতির নাম রেখেছিলেন 'মহারাজা কালচার'।
'মহারাজা কালচার' কি বস্তু? ব্যাখ্যাচ্ছলে আহমদ ছফা বলেছেন, "এই যে জিনিসটা আমি যদি আগামী লেখাটি ভালো না লিখি লোকে আমাকে রিজেক্ট (অর্থাৎ প্রত্যাখ্যান) করবে। প্রতিদিন লড়াই করতে হয় আহমদ ছফার পরিচয়টা টিকিয়ে রাখতে। কিন্তু খালেদা জিয়াকে এটা করতে হবে না। কারণ জিয়াউর রহমানকে বিষয় করে তিনি সারা জীবনের গ্যারান্টি পেয়ে গেছেন এবং (শেখ) হাসিনাকে এই প্রশ্নের সম্মুখীন হতে হচ্ছে না। তিনি বঙ্গবন্ধুর তনয়া এবং তার কোনো ভুল হতে পারে না।"
ডঃ সলিমুল্লাহ খান বাংলাদেশের রাজনৈতিক সংকটের উত্তরণ নিয়ে বলতে গিয়ে বলেন, "আহমদ ছফার বিখ্যাত সাক্ষাৎকারে একটা ইশারা আছে। তিনি বলেছিলেন, 'কিন্তু, আমি যেটা ভয় পাচ্ছি এখানে পলিটিক্সটা যখন টোটাল রাইটিস্ট অরবিটের মধ্যে চলে যায় সেখানে অন্য কারও ভবিষ্যৎ থাকে না, চরম দক্ষিণপন্থিদের ছাড়া।' আহমদ ছফার আশঙ্কা ছিল, মৌলবাদীরাই তাদের আকাংক্ষাটা পূর্ণ করবে। কারণ সরকার আর বিরোধী দল সবাই সকলে মিলে এরা চরম দক্ষিণপন্থি কোর্টের মধ্যে পলিটিক্সটা ঢুকিয়ে দিয়েছে।"
কথাটার একটা ব্যাখ্যাও দরকার। আর আহমদ ছফা তা দিয়েছেনও। 'দক্ষিণপন্থি কোর্টে' একটা গোটা দেশ কিভাবে ঢুকে গেল? বিশেষত যে দেশ রক্ত ঢেলে স্বাধীন হয়েছিল সেই দেশ কি করে এই অধঃপতনের পথে গেল? আহমদ ছফা উবাচ : এখন পলিটিক্যাল কর্তা আছেন তাদের প্রতি শ্রদ্ধা রেখেই বলি, কারণ শ্রদ্ধা না রাখলে কে কার কথা শোনে, দেশের এই অবস্থাতে সবচাইতে আগে দরকার সমাজের ভেতর পারস্পরিক আস্থা। আহমদ ছফার মতে এই আস্থাটা না থাকার কারণে 'হাওয়াতে হাওয়াতে গোটা দেশটাকে এখন সরাসরি আমরা দক্ষিণপন্থি কোর্টের মধ্যে ঠেলে দিয়েছি।'
তো এখনো পরিষ্কার হল না, 'দক্ষিণপন্থি কোর্ট' কি জিনিস! ছফা বললেন, আওয়ামীলীগকে ইসলামের নামে ইলেকশন করে জিততে হবে। এটাই দক্ষিণপন্থি কোর্ট। এখন আওয়ামী লীগকে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে জামায়াতে ইসলামীর সঙ্গে, দেখাতে হবে কে বেশি ইসলামের সেবক। এটাই দক্ষিণপন্থা। এখন আমরা সকলেই ইসলামের সেবক, এরশাদ যেমন, খালেদা জিয়া তার অধিক। শেখ হাসিনা কম যাবেন কেন? কিন্তু, আহমদ ছফা পুনর্বাচ : আমরা যখন মুক্তিযুদ্ধ করেছি তখন ইসলামের কথা না বলেও মুক্তিযুদ্ধ করতে পেরেছি। জনগণ আমাদের সাপোর্ট করেছে।
আমাদের রাষ্ট্রব্যবস্থার এই সংকটকেই, এই বিপদকেই আহমদ ছফা বলেছিলেন গোটা বাংলাদেশের পরাজয়।এই করুণ পরিণতির কারণ কি? আহমদ ছফা এক কথায় জবাব দিয়েছেন 'বিশ্বাসঘাতকতা'। যারা আমাদের স্বাধীনতা যুদ্ধের বিরোধিতা করেছিল তারা তো দেশের সাথে বিশ্বাসঘাতকতা করেছিল। তারা দক্ষিণপন্থিথ, এ সত্যে সন্দেহ নেই। কিন্তু যারা স্বাধীনতা যুদ্ধ করেছেন তারাও মুক্তিযুদ্ধের সাথে কম বিশ্বাসঘাতকতা তথা সহজ বাংলায় 'বেইমানি' করেননি।

**৮. আহমদ ছফার জীবন দর্শন এবং বহিঃপ্রকাশ**

আহমদ ছফা বলেন, "মানুষ খুব অসহায়। মানুষ সর্বশ্রেষ্ঠ সৃষ্টি হলে কি হবে, মানুষ খুব মূল্যহীন। এগুলো নিয়ে খুব আস্ফালন করার কিচ্ছু নেই।মানুষ পৃথিবী থেকে অনেক কিছু শিখে। কিন্তু মানুষ আরেকটা জিনিস শিখে না, বিনীত হওয়া শিখে না।"
তার চিন্তার প্রতিটি স্তরে স্তরে শেষ কথা যা প্রকাশ পায় তা অনেকটা এরকম- জীবন কোন শিল্প নয়, কোন সিনেমা-নাটক নয়, কোন কবিতাও নয়। জীবনে যা ঘটে শিল্প ও কবিতায় তা ঘটে না। জীবনের অর্থ কেবল জীবনই দিতে পারে। জীবনের সাথে অন্য কোন কিছুর তুলনা চলে না এবং জীবন ভয়ানক নিষ্ঠুর। সমস্তরকম প্রতিশ্রুতি, সমস্ত প্রতিজ্ঞা, সমস্তরকম স্বপ্ন-দুঃস্বপ্নের উপরে জীবনের লীলাখেলার অবস্থান।

---------------------------------------------------------------------------

# সারপ্রাইজ

*শারমিন সুলতানা [৩৪তম ব্যাচ]*

"বাবাই, ও বাবাই, ওঠো না, ওঠো। ঘুমাচ্ছো কেন? ওঠো না। তোমার জন্যে একটা জিনিস বানিয়েছি। তুমি দেখবা না? তোমার জন্য একটা সারপ্রাইজ আছে, ওঠো না! তুমি না উঠলে কিন্তু রাগ করব।" বলল মারিয়া।

রফিক সাহেবের একমাত্র মেয়ে মারিয়া, বয়স মাত্র সাড়ে ছয় বছর। রফিক সাহেব মারিয়াকে নিয়ে একাই একটা ফ্ল্যাটে থাকেন। বাবা আর মেয়েকে নিয়ে ছোট্ট একটা সংসার। মারিয়ার জন্মের সময় ওর মা মারা যায়। এরপরে অনেকেই বলেছিল রফিক সাহেবকে আরেকটি বিয়ে করার জন্য। কিন্তু তিনি এমনটি করেননি। খুব আদর যত্নে রফিক সাহেব মেয়েকে বড় করেছেন। কখনও মায়ের অনুপস্থিতি বুঝতে দেননি মেয়েকে। সবসময় নিজের কাছে আঁকড়ে ধরে রেখেছেন। বাবা-মেয়ের সম্পর্কের চেয়ে বরং বন্ধুত্ব বেশি ছিল।

আজ বাবা দিবস। মারিয়ার সব বন্ধুরা কিছু না কিছু দেয় তাদের বাবাকে এই দিনে। সে কখনোই কিছু দেয়নি তার বাবাকে। তাই ভাবলো এবার কিছু একটা করবে সে। সেজন্যেই রং দিয়ে একটা ছবি এঁকেছে, কার্ড বানিয়েছে। আর সকালের নাস্তা হিসেবে স্যান্ডউইচ রেডি করে রেখেছে। সবসময় রফিক সাহেবই সব কাজ একা হাতে করেন। সকালের নাস্তাও তিনি বানান। কিন্তু আজ বাবা দিবসে সারপ্রাইজ দিবে বলে মারিয়া সব কাজ কাঁচা হাতে আস্তে আস্তে গুছিয়ে নিয়েছে। কিন্তু কি কান্ড! যার জন্যে এতকিছু করা সে এখনও উঠছে না। মারিয়া তখন থেকে ডেকেই যাচ্ছে তো ডেকেই যাচ্ছে। অথচ উনার কোন সাড়া শব্দও নেই। অনেকক্ষণ ডাকার পরে সে ভাবলো, হয়তো বাবা সারারাত জেগে  অনেক কাজ করেছে তাই উঠছে না।

এদিকে সকাল পেরিয়ে দুপুর হয়ে এলো। কিন্তু রফিক সাহেব এখনও উঠলেন না। এবার মারিয়া বাবাকে ধরে কাঁধ ঝাঁকিয়ে ডাকলো। মারিয়া যখন বাবার হাতটা ধরলো তখন সে খেয়াল করল তার বাবার হাতটা কেমন যেনো ঠান্ডা হয়ে আছে। আর বারবার ডাকার পরও যখন উঠছে না তখন সে খুব ভয় পেয়ে গেল। এরপর কোন কিছু না ভেবেই এক দৌড়ে দরজা খুলে পাশের ফ্ল্যাটের ডাঃ মনির হকের দরজায় দাঁড়িয়ে ওনাকে ডাকা শুরু করলেন। প্রায় বিকেলেই মনির সাহেবের বাসায় যায় মারিয়া, সেই সূত্রে তাদের দারুণ ভাব।
"ডাঃ আঙ্কেল, ডাঃ আঙ্কেল, দরজা খুলেন, দরজা খুলেন।" মারিয়া চিৎকার করে করে বলল।
"কি হয়েছে মামনি, এভাবে ডাকছো কেন?" দরজা খুলতেই জিজ্ঞেস করলেন ডাঃ মনির হক।

এরপর মারিয়া সব ঘটনা খুলে বলল। মনির সাহেব ওদের বাসায় গিয়ে যখন রফিক সাহেবকে দেখলেন তখনই বিপদ আঁচ করলেন। তারপর পালস্ চেক করে বুঝতে পারলেন রফিক সাহেব আর নেই। মারিয়া তখনও জিজ্ঞাসু চোখে ওনার দিকে তাকিয়ে আছে। নিষ্পাপ একজোড়া চোখের কৌতুহলি দৃষ্টি দেখে মনির সাহেব ভেবেই পাচ্ছিলেন না কি বলবেন মারিয়াকে।
উনি জিজ্ঞেস করলেন, "তোমার দাদুর বাড়ির কারও ফোন নাম্বার আছে তোমার কাছে? থাকলে নিয়ে আসো।"
মারিয়া এক দৌড়ে টেবিলের ড্রয়ার থেকে ফোন নাম্বারের ডায়েরীটা বের করে এনে দিল। এরপর মনির সাহেব রুমের বাইরে গিয়ে সবাইকে জানিয়ে দিল মৃত্যুর খবর। অল্প সময়ের মধ্যে তাদের ভবনের সব মানুষ চলে আসলো মারিয়াদের বাসায়। তার দাদুর বাড়ির আত্মীয়রাও চলে আসলেন। মারিয়া তখনও বুঝে উঠতে পারছে না কি হচ্ছে এসব। ওর ফুফু, চাচা, চাচি সবাই কাঁদছে। আর বাকিরা ওর বাবাকে নিয়ে ব্যস্ত হয়ে পড়েছে। মারিয়া সমানে সবাইকে জিজ্ঞেস করেই যাচ্ছে যে কেন তারা কাঁদছে। কিন্তু কেউ কিছু বলার সাহস পাচ্ছে না তাকে।

হঠাৎ সে দেখল, তার বাবাকে কয়েকজন নিয়ে যাচ্ছে। বলে উঠলো মারিয়া, "কোথায় নিয়ে যাচ্ছ বাবাইকে? ছেড়ে দাও বলছি। ও বাবাই, তোমাকে তো ওরা নিয়ে যাচ্ছে। তুমি উঠো না। ঘুমাচ্ছো কেন? আর কতক্ষণ ঘুমিয়ে থাকবা? তোমার জন্যে একটা ছবি এঁকেছি, তুমি দেখবা না? কার্ডও বানিয়েছি। আজকে আমি নাস্তাও বানিয়েছি। তুমি না খেয়ে কোথায় যাচ্ছো? ওঠো না, ওঠো। ও বাবাই, ওঠোনা।" মারিয়া কাঁদছে আর কথাগুলো বলছে। ছোট হাতে শক্ত করে ধরে রেখেছে বাবাকে। কিছুতেই নিয়ে যেতে দিচ্ছিল না মানুষদের। অনেক কষ্টে ছাড়িয়ে নিতে পেরেছে তার চাচি।
মারিয়া ছুটে গিয়ে মনির সাহেবকে বলা শুরু করল, "ডাঃ আঙ্কেল, তুমি খুব পঁচা, খুব পঁচা। তোমার জন্যে ওরা বাবাইকে নিয়ে যাচ্ছে। তুমি কেন এমন করলে বল? বল না!"
ডাঃ মনির বললেন, "মামনি, তোমার বাবাই যে আর নেই।"
"নেই মানে? ঐতো বাবাই।"
"হ্যাঁ, কিন্তু উনি মারা গেছেন।"
"মারা গেছেন মানে কি?"
"মানে... তোমার বাবাই চলে গেছেন না ফেরার দেশে। তোমার বাবাই আর তোমার কাছে থাকতে পারবে না।"
"থাকতে পারবে না মানে?"
"মানে তোমার বাবাইকে আল্লাহ নিয়ে গেছেন উনার কাছে।"
"কেন নিয়ে গেছেন বাবাইকে?"
"তোমার বাবাই... খুব ভাল মানুষ ছিলেন তো, তাই!"
"তাতে কি হয়েছে? ভাল মানুষ হলে কি নিয়ে যেতে হয়?"
ডাঃ মনির চুপ হয়ে রইলেন। মেয়েটার অবাক চোখের অজস্র প্রশ্নের উত্তর কিভাবে দিবেন বুঝতে পারছেন না। মা মরা মেয়েটার যে বাবাও থাকল না আর! মারিয়া কিছুই বুঝতে পারছে না ঠিকই। কিন্তু এটা বেশ বুঝে গিয়েছে যে বাবাকে আর সারপ্রাইজটা দেওয়া হবে না। আঁকা ছবিটাও না। আর কার্ডটাও না। হায়রে ভাগ্য! মেয়েটা জানেই না যে শুধু আজকে নয়, সে আর কখনোই বাবা দিবস পালন করতে পারবে না। বাবাকে আর কখনোই কোনো সারপ্রাইজ দিতে পারবেনা। পারবেনা কখনো বলতে, "Happy Father's Day বাবাই!"



# অদ্ভুট্টোনামা

ড. মো: রোকন উদ্দীন

*Art: Tasnia Alam Ruhi [29th Batch]*

# এক।

জুলাই ১২, ২০১৬। কোলকাতার নেতাজি সুভাষ চন্দ্র বসু বিমানবন্দরের গেস্ট হাউসে শুয়ে আছি। পরের দিন হায়দ্রাবাদের ফ্লাইট সন্ধ্যে ৭ টায়। এয়ারপোর্ট অথরিটি ম্যানেজারকে অনুরোধ করলাম যদি সম্ভব হয় আমার রুমে যেন আর কোনো গেস্ট না দেন। উনি আমার কথা রাখলেন না।

গেস্টহাউস বানানো হয়েছে পুরাতন দমদম বিমানবন্দরে। নতুন বিমানবন্দর থেকে হেঁটে যেতে সময় লাগে দশ মিনিট। যাদের কানেক্টিং ফ্লাইট আছে ভোররাতে বা পরের দিন তাদের সুবিধার্থেই ওই গেস্টহাউস। দুই দামের দুই রকম রুম পাওয়া যায়। দুইজন থাকতে পারে এমন রুমে একজনের জন্য খরচ হবে হাজার রুপি। আর আছে ডরমেটরি, যেখানে প্রায় দশটা বেড সারিবদ্ধভাবে সাজানো আছে। সেখানে প্রতিরাতের বেড ভাড়া সাতশ রুপি। মান অনেক ভালো। দুটোই এসিসমৃদ্ধ এবং পরিষ্কার-পরিচ্ছন্ন।

ছোট বেলার অভ্যেসটা এখনও যায়নি। এখনো ঘুমোতে গেলে বই হাতে থাকে। বই হাতে নিলেই ঘুম আসে। অনেকক্ষণ ধরে বই হাতে ঘুমের অপেক্ষায় আছি। আস্তে আস্তে চোখ ছোট হয়ে আসছে। লাইট নেভাতে যাবো এমন সময় দরজার কড়া নড়লো।

ভদ্রলোক অনেক লম্বা-চওড়া। মাথায় লম্বা চুল। গায়ে টি-শার্ট। পায়ে স্নিকার। একটা ছোট ব্যাগ কোমরে বাঁধা, আরেকটা কেরি অন স্যামসোনাইট হাতে আছে। উনিই প্রথমে বললেন -

- ও, আপনিই তাহলে হায়দ্রাবাদ যাচ্ছেন?
- জ্বি।
- দেখুন, অনেক কষ্টে আপনার রুমে আসলাম।
- কেন? অন্য রুম খালি নেই?
- না, অনেক রুম খালি আছে। আমি আবার একা ঘুমাতে পারি না। রুমমেট থাকলে ভালো। গল্প করতে করতে রাত চলে যায়। ভালো না?
- আমি গল্প করতে অভ্যস্ত নই। বিশেষ করে রাতে।
- কী করেন?
- বই পড়ি। ঘুম আসলে ঘুমিয়ে পড়ি।
- এখন কী বই পড়ছেন?
- খুশোয়ান্ত সিং এর "ট্রুথ লাভ অ্যান্ড আ লিটল..."। আমার কথা শেষ করতে না দিয়ে উনি বললেন...
- ওটা অটোবায়োগ্রাফি। "ট্রেন টু পাকিস্তান" পড়েছেন?
- পড়েছি।
- "দিল্লী"?
- কালেকশানে আছে। পড়া হয়ে ওঠেনি।
- উনার এপিটাফ টা জানেন?

আমি সোৎসাহে জিজ্ঞেস করলাম -
- কী?

ভদ্রলোক গড়গড় করে বলতে লাগলেন -

*Here lies one who spared neither man nor God;*
*Waste not your tears on him, he was a sod;*
*Writing nasty things he regarded as great fun;*
*Thank the Lord he is dead, this son of a gun.*

অবাক হলাম। আমার শুধু একটা এপিটাফই মনে আছে। ইংরেজ কবি জন কীটস এর - হিয়ার লাইজ আ ম্যান...
- শুনেন ভাই। উনি আমার দৃষ্টি আকর্ষণ করে বললেন -
- রোকন ভাই বলতে পারেন।
- হ্যাঁ, রোকন ভাই, খুশোয়ান্তকে দিনে রাতে পড়া যায়। রাতেই যখন পড়বেন, "দ্য কম্পানি অফ উইম্যান" কী দোষ করলো?

মনে হলো, মানুষটি অনেক মজার।
- দোষ-টোস না। ওটা আগে নিত্যপাঠ্য ছিল, আমি বললাম।

উনি হাসলেন। আমার কথায় মজা পেয়েছেন।

# দুই।

বাথরুম থেকে বের হয়ে মাথা মুছতে মুছতে বললেন -
- বুঝলেন রোকন সাহেব, আমি যে আপনার রুমে আসলাম তার আরো একটা কারণ আছে।
- কী কারণ বলুন তো?
- আমি আবার একা ঘুমাই না।
- কেন?
- ঘুমোলে উঠতে পারি না। ফ্লাইট থাকলে রুমমেটের সাথে আলাপে রাত কাটিয়ে দেই। একবার সাহস করে রুমে একা-ই ছিলাম। এলার্ম দিয়েছিলাম। আপনার ভাবি সতেরো বার ফোন করেছিল আমাকে ওঠাবার জন্য। হোটেল বয় দরজায় ধাক্কাধাক্কি করে সাড়াশব্দ না পেয়ে পুলিশ নিয়ে এসেছিল। মনে করেছিল মার-টারা গেছি। একটা বাজে কান্ড ঘটেছিল। এরপর থেকে আর সাহস করি না।

আমি অবাক হলাম। এ কেমন মানুষ! এভাবে কেউ ঘুমায়? উনি আবার শুরু করলেন।
- অবাক হলেন বোধহয়। অবাক হবার কিছু নেই। মানুষের বিশেষত্ব থাকে না?
- জ্বি। থাকে। আপনারটা অন্যরকম।

- ভেবেছিলাম, গেস্ট হাউসে না এসে নদীর ধারে সারা রাত কাটাবো। বাইরে কী জোছনা দেখেছেন?
- দেখেছি। পূর্ণিমারাত। তবে মানুষ জোছনা রাতে শুনেছি বনে যায়, আর আপনি নদীর ধারে...
- আপনার কি গানটা পছন্দের?
- কোনটা?
- "আজ জোছনা রাতে সবাই গেছে বনে..."
- খুব।
- ঠাকুর কেন জোছনা রাতে বনে গিয়েছিলেন প্রমাণ নেই। তবে নদীতে ভেসেছিলেন বজরায়।
- তো আপনি গেলেন না কেন?
- ভেবেছিলাম যাবো। হঠাৎ আপনার ভাবীর ফোন পেলাম। মনে পড়ল আমার বয়স বায়ান্ন। এত রাতে একাকী ওখানে যাওয়াটা এ বয়েসে ঠিক হবে না। আপনি যা-ই বলেন। বয়স একটা ব্যারিয়ার, একটা ফ্যাক্টর।
- আগে কখনো গিয়েছেন?
- হ্যাঁ। অনেক বছর আগে একবার কোলকাতায় এরকম রাতে একাকী হাঁটছিলাম। তখন বৃষ্টি হচ্ছিল। জোছনার সময় বৃষ্টি হয় না। ওইরাত ছিল ভিন্ন রকম আর অদ্ভুত সুন্দর। যে রাতে কারো কারো মরে যেতে ইচ্ছে হয়। জোছনাটাকে বলা যায় 'স্পেক্ট্রাল মুনশাইন'।
- জীবনানন্দের মরতে ইচ্ছে হয়েছিল। লিখেছিলেন, "যখন গিয়েছে ডুবে পঞ্চমীর চাঁদ মরিবার হল তার সাধ"
- হূমায়ুন আহমেদের একটা উপন্যাস আছে ওই নামে।
- তাই না কি? জানতাম না। তারপর বলেন।
- তো হাঁটছিলাম। হঠাৎ সামনে পুলিশের গাড়ি। আমাকে থানায় নিয়ে গেল। বলল, "কী কর?" আমি বললাম, "আমি কিছু করি না"। পুলিশ বলল, "ঠিকঠাক বল ছালা, নইলে সোজা ঢুকিয়ে দেব"।
আমি বললাম, কী? জেলে?
- নাহ, এই এটা। লাঠি। একদম সোজা দিয়ে দেবো। তাড়াতাড়ি বল কী করিস।
- কি যা তা বলছেন। ভদ্রভাবে কথা বলুন। আমার কি কিছু না করার অধিকার নেই?
আমি অবাক হবে জিজ্ঞেস করলাম -
- আপনার ভয় করে নি? ভিনদেশের থানায় গেলেন। পুলিশের জেরার মুখে পড়লেন।
- আমি তো ক্রিমিনাল না। ভয় পাবো কেন। পরে ১০০ রুপি দিয়ে চলে আসছি। ওখানে আমার মত বেশ কয়েকজনকে ধরে নিয়ে গিয়েছিল। ওরাও কোনো অপরাধী না। শুধু শুধু ধান্ধাবাজি।
- হায়দ্রাবাদের ফ্লাইট তো কাল সন্ধ্যে ৭ টায়। কী করবেন?
- আমি একটা প্ল্যান করেছি। সকাল ৮ টায় বের হব। নিউ মার্কেট এরিয়াতে নাস্তা করবো। কলেজ স্ট্রিটে যাবো। কয়েকটা বই কিনতে হবে। দুপুরে খাবো নিউমার্কেটের পাশে একটা হোটেলে। ওই হোটেলের পাবদা মাছ অসাধারণ। আপনাকে সার্ভ করবে কলা পাতায়। মাটির সানকিতে।
- তারপর?
- একটা মুভি দেখব। বাংলা মুভি। অর্ধেক দেখেই চলে আসবো। টাইম কম।
আমি দেখলাম বায়ান্ন বছরের এই মানুষটার মাঝে বয়সের কোনো ছাপ নেই। কথা বলেন শুদ্ধ উচ্চারণে। অল্পেই মানুষকে মুগ্ধ করতে পারেন। কথা বলার সময় শ্রোতার চোখের দিকে অপলক চেয়ে থাকেন।
- ভাবীকে আনেন নি কেন?
- আপনার ভাবী আসবে আমেরিকা থেকে সরাসরি। হায়দ্রাবাদেই দেখা হবে। সে ডাক্তার। ওর একটা আত্মীয়ের বিয়ে।
- আপনি ঢাকায় থাকেন আর ভাবী আমেরিকায়!
- হ্যাঁ। ও বলে, আমার সাথে লাগাতার দুই মাসের বেশি সংসার করা যায় না।
- ইন্টরেস্টিং!
- আপনাকে দেখেতো মনে হচ্ছে বোহেমিয়ান টাইপ, অথচ কী করে....
- ঠিক ধরেছেন। ভাবছেন ডাক্তার কি করে ম্যানেজ করলাম!
- সেটাই।
- মজার কথা ধরিয়ে দিলেন, রোকন ভাই। আমিও ডাক্তার হতে পারতাম। চট্টগ্রাম মেডিকেলে সেকেন্ড ইয়ার পর্যন্ত পড়ে আমি আর পড়ি নি। একবছর পড়েই বুঝলাম, ওটা আমার কাজ না।
- তো ভর্তি হয়েছিলেন কেন?
- কারণ, আপনার ভাবি চেয়েছিল। ওকে পেতে হলে মেডিকেলে চান্স পেতে হবে। মেডিকেলে চান্স পেলাম। ওকেও পেলাম। এমন ভাবে পেলাম তার আর ফেরারপথ থাকলো না। যখন বুঝলাম, আমি মেডিকেল ছাড়লেও সে আমাকে ছাড়বে না, তখন মেডিকেল ছেড়ে দিলাম।
- আপনি দেখি অদ্ভুত এক মানুষ!
- মেয়েরা একবার ভালোবাসলে আর কিছু বোঝেনা। শুধু এই বিশ্বাসটুকু জন্মাতে হবে যে, আপনি একজন সৎ মানুষ। প্রতারক না।

## তিন।

ভদ্রলোকের নাম ভুট্টো। পুরো নাম মনে করতে পারছি না। বিছানায় অর্ধশোয়া অবস্থায় কথা বলছেন। আমার চোখ জুড়ে ঘুম আসছে। আমার দিকে কিছুক্ষণ চেয়ে আছেন। হয়তো ভাবছেন, আমাকে জাগিয়ে রাখা ঠিক হবে কি না। আমি বললাম -
- ঘুমাবেন না?
- না।
- ও। তাহলে আমি ঘুমানোর চেষ্টা করি। আপনি টিভি দেখুন।
- আপনি ঘুমোতে পারেন। আমিও টিভি দেখে দেখে রাত কাটিয়ে দিতে পারি। ভয় হচ্ছে, যদি হঠাৎ ঘুমিয়ে পড়ি, আমার প্ল্যানটা মাটি হয়ে যাবে। আবার কখন কলকাতায় আসি কে জানে। জীবনে অনেক রাতই তো ঘুমালেন।
ভাবলাম আসলেই তাই। অর্ধেক জীবন ঘুমিয়েইতো কাটিয়েছি। আজ না হয় এই ভদ্রলোকের সাথে গল্প করেই কাটিয়ে দেই। যদিও আমি নির্ঘুম রাত কাটাতে অভ্যস্ত নই। ভুট্টো সাহেব শুরু করলেন -

- রোকন ভাই, ফ্লাইটে একটা ব্যাপার কিন্তু আমি সবসময় মেন্টেন করি?
- কী?
- আমি এখন আর সিটবেল্ট বাঁধি না। একটা বাজে ব্যাপার। মাঝেমধ্যে এমন সব বিশ্রী কান্ড ঘটে যায়।
- কী রকম? আমিতো বসার সাথে সাথেই বেল্টটা লাগিয়ে নিই।
- আচ্ছা, সিটবেল্ট না বাঁধার কারণে বিমান দুর্ঘটনার কোনো তথ্য কি আপনার আছে?
- তা নেই, কিন্তু বাঁধলে সমস্যাটা কোথায়?
- সমস্যা আছে। সেবার একটা বিব্রতকর অবস্থায় পড়েছিলাম। অস্বাভাবিক তবে অসত্য না।
হাতের বইটা রেখে দিলাম। দু'হাতে বালিশ চেপে ধরে ভুট্টো সাহেবের মুখের দিকে চেয়ে তার কথা শুনছি।
- সেবার ব্যংকক থেকে ইউএস যাবার পথে একটা মজার ব্যাপার ঘটলো। বামে আমার স্ত্রী। ডানে এক বিশালদেহী চাইনিজ ভদ্র মহিলা। আমরা সেদিন বোর্ডিং এ লেট করে ফেলেছিলাম। আমাদের নাম ধরে ডাকাডাকি শুরু করে দিয়েছিল পর্যন্ত। খুব ভোরে ফ্লাইট ছিল। তাই বসার সাথে সাথে ঘুম। আর আপনাকে তো বলেছি - আই স্লীপ লাইক আ লগ।
- তা বুঝলাম। কিন্তু বিব্রতকর কান্ডটা কী সেটাতো বলবেন -
- সেটাই। আমার ডানে যে মেয়েটি সে ওয়াশরুমে যাবে। সমস্যাটা হল সে উঠতে পারছে না। আটকে গেছে।
- মানে?
- মানে হলো সে ভুল করে আমার ডানপাশের বেল্টটা বেঁধেছে, আর আমি তার বাঁ পাশেরটা। তারপর টানাটানি। অনেক চেঁচামেচি করছে মেয়েটি। একেতো চাইনিজ তার উপর চেঁচামেচি-ব্যাপারটা ভাবুন একবার। পরে ক্রু এসে অনেক কষ্ট করে আমাকে ঘুম থেকে জাগালো। আশেপাশের সবাই হাসছে। আমার বউ আমার দিকে তাকিয়ে আছে। তার এই রকমও যে একটা চাহনি ছিল সেটা ওই ভদ্রমহিলার কারণেই আবিষ্কার করতে পেরেছিলাম।
আমি হাসি চেপে রাখতে পারলাম না। এই রকম আজগুবি ব্যাপারও যে ঘটে পারে তা কোনো গল্পলেখিয়েও হয়তো কল্পনা করতে পারে নি।
- জীবনে অনেক দেশ ঘুরেছি। ত্রিশ-চলিশতো হবেই। ভুট্টো সাহেব বললেন।
- কোন দেশটা সুন্দর লেগেছে আপনার? মানে কোনো বিশেষ দৃশ্য বা সাইট?
- অনেক দেশ ঘুরেছি। প্রত্যেক দেশেরই কিছু নিজস্ব মানে ইউনিক সৌন্দর্য আছে।
- তাই?
- আমি যদি বলি বাংলাদেশই সবচে সুন্দর, তাহলে আপনি বিশ্বাস করবেন না।
- কোন কারণও নেই হয়তো। বাংলাদেশের বাইরে যারা পা মাড়ায়নি তাদের কাছেই এটি “এমন দেশটি কোথাও খুঁজে পাবে না কো তুমি”
- না রোকন সাহেব। মানুষ বিদেশ গেলে সবচে সুন্দর সাইটগুলোই দেখে আসে; আমিও তাই-ই করেছি। তবে একটা দৃশ্য আমার কাছে অতুলনীয় মনে হয়; অপূর্ব লাগে।
- কোথায়? আমি অধীরাগ্রহে জিজ্ঞেস করলাম।
- দুই বছর আগে আমরা কজন বন্ধু রাজশাহী গিয়েছিলাম। আমার ইচ্ছে হলো জেলেরা কীভাবে ইলিশ ধরে সেটা দেখার। বন্ধুদের ইচ্ছের কথা বললাম। আমাকে ওরা বলল, সেটা দেখতে হলে অনেক ভোরে সূর্য ওঠার আগেই যেতে হবে। সবাই তারপরের দিন খুব ভোরে উঠলাম। তখনো সূর্য ওঠেনি। আমরা দলবেঁধে পদ্মার পাড়ে গেলাম। দেখা যাচ্ছে, বেশ কটি ছোট ছোট ট্রলার জাল ফেলছে, কোনটি জাল টেনে টেনে পাড়ের দিকে আসছে। আমরা সেরকম একটি ট্রলার দেখে সেটি যে দিকে আসতে পারে সেদিকে গিয়ে অপেক্ষা করছি। ট্রলারটি পাড়ের কাছাকাছি আসতেই ছয়-সাতজন লোক ট্রলার থেকে নেমে জালের চারপাশে ঘিরে ধরলো। মাঝের বৃত্তাকার জায়গাটা ক্রমশ ছোট হচ্ছে। এক পর্যায়ে অনেকগুলো রুপালি ইলিশ এক সাথে লাফিয়ে উঠলো। তখন সূর্য সবে তার লালিমা ছড়াচ্ছে। তার লাল--হলুদ আলোচ্ছটা গিয়ে পড়ছে ঐ ইলিশগুলোর রুপালি গায়ে। এ দৃশ্যের সাথে তুলনীয় কোনো কিছু আমি দেখিনি। দেখবো বলে মনে হয় না।
আমি কোনোদিন সচক্ষে এ দৃশ্য দেখিনি। ভুট্টো সাহেবের কথায় ভাবছি আর কল্পনা করছি - একদল কিশোরী পায়ে নুপুর, জামায় রুপার চুমকি আর গলায় রুপার মালা পরে পদ্মার পাড়ে চক্রাকারে নৃত্য করছে।

## শেষ।

আমি বললাম, আপনি কিভাবে এই ডাক্তার ভাবীর সাথে এতদিন ঘর করলেন?
- আপনি হয়তো অবাক হচ্ছেন এই ভেবে যে ডাক্তারীর মত এতোটা সিস্টেমেটিক প্রোফেশনের মানুষের সাথে আমার মত ভবঘুরের জার্নিটা কি করে এতগুলো স্টেশন অতিক্রম করলো। আসলে ব্যাপারটা হলো, ও ওরকম বলেই আমি এরকম। সে মনে প্রাণে বিশ্বাস করে, আমাকে আমার কাছ থেকে আলাদা করা যাবেনা। আমি যেমন তেমনই থাকব। সে শুধু একটি কাজই করেছে আমি যেটি করতে চেয়েছি, যেখানে যেতে চেয়েছি সেটি কি করে নিরাপদে করা যায় সে পথটাই বাতলে দিয়েছে। আমি তার প্রোফেশনকে পছন্দ করিনা, তবে সম্মান করি। আমার যে কোনো প্রোফেশন নেই মানে প্রোফেশনলেসনেস ব্যাপারটা আপনার ভাবী একসময় পছন্দ করতো না, তবে সম্মান করতো। এখন পছন্দও করে সম্মানও করে।

যেমন ধরুন, আমার বড় ফুটবল প্রীতি ছিল। গতো চারটি বিশ্বকাপ ফুটবল ফাইনাল ম্যাচ ভেন্যুতে গিয়ে দেখেছি। অনেক টাকা খরচ করেছি। এই ব্যাপারটা আপনার ভাবী পছন্দ করতো না। কিন্তু গত বিশ্বকাপ চলাকালীন সময় আমার হাতে তেমন টাকা পয়সা ছিলনা। মনটা খুব খারাপ ছিল। আপনার ভাবী একটা অদ্ভুত কাজ করে বসল। আমাকে ফোনে বলল, সে পাঁচহাজার ডলার পাঠাবে। আমার ব্রাজিল ট্রিপ এর জন্য এবং সে আমেরিকা থেকে ব্রাজিল গিয়ে আমার সাথে ফাইনাল ম্যাচটা দেখবে। আমার মনে হলো, আল্লাহ কাকে কখন হেদায়াত করে বলা মুশকিল!
আমি বললাম, অসাধারণ গিফট। নারীপ্রেম এমনই।
মজার কোনো কাহিনি নিশ্চয় আছে। এতদিন প্রেম, এতদিন বিয়ে। আমি জিজ্ঞেস করলাম।
- আপনিও তো বিবাহিত। জানেনই তো, সংসার মানে রসের আর কষের মিশ্রণ। আপনার ভাবীর সাথে বিয়ের প্রথম রাতেই একটা মজার ঝামেলা হয়েছিল।
- প্রথম রাতেই?
- হ্যা। আমি গান পছন্দ করতাম। তবে সিরিয়াসলি বা সিন্সিয়ারলি কখনো শুনিনি। তবে শিল্পীদের মধ্যে মান্নাদে ভালো লাগতো। ওই যে তার একটা গান আছে “বড় আদরের ছোট বোন”। ওটা নিয়েই ঝামেলাটা হল আরকি।
- কী রকম বলেন নারে ভাই।। এতো রয়ে সয়ে বলার কী দরকার।
- বিয়ের প্রথম রাতে আমি তাকে বললাম, একটা গান শোনাও। সে বলল, যদি তুমি শোনাবে প্রমিজ কর, তবে শোনাবো। আমি বললাম, দেখো, আমি জীবনে গান গাইনি। গাইতে জানলে নিশ্চয় এতদিনে শোনাতাম। সে অবাধ্য। আমি রাজি হলাম। ও প্রথমে গাইল - “আমার স্বপ্ন তুমি ওগো চিরদিনের সাথী। তুমি সূর্য উঠা ভোর আমার আর তারায় ভরা রাতি” গানটা। গানে সুরের এদিক-ওদিক হলেও ভালোবাসার কমতি ছিলনা। আর আমি গেয়েছিলাম মান্নাদে’র ওই গানটা “মায়ের স্নেহ কাকে বলে জানিনা...।

- আপনি বললেন, ওটা গাইতে গিয়ে ঝামেলা হয়েছিল!
- তাইতো বলছি। সব ঠিকঠাক গেয়েছিলাম। শুধু শেষে যে "বড় আদরের ছোটবোন" ছিল সেটি ভুল করে বলেছিলাম, "বড় আদরের ছোটবউ"। তারপর ওইরাতটি মাটি হয়ে গিয়েছিল। মাটি মানে মাটি। পকেটের প্যাকেট পকেটেই রয়ে গিয়েছিল। কোন সময়ে কী রকম বিশ্রী একটা ভুল করলাম!
আপনার বাবা আছে? আমি প্রসংগ পাল্টালাম।
- না। দুই বছর আগে মারা গেছেন। অনেকদিন অসুখে ভুগেছেন।
- আচ্ছা আপনি যে মেডিকেল ছেড়ে আসলেন, আপনার বাবার সায় ছিল?
- রোকন সাহেব, সবার বাবাই পরম শ্রদ্ধার, সম্মানের। তবে আমি আমার বাবাকে শ্রদ্ধা করতাম অন্য কারণে। উনি কখনো আমার কোনো সিদ্ধান্তে না করেননি বরং উৎসাহ জুগিয়েছেন। আমি মেডিকেল ছাড়ার ব্যাপারটা বাবাকে বলে রেখেছিলাম। বাবা কী বলেছিল শুনলে অবাক হবেন।
- কী? আমি সবিস্ময়ে জিজ্ঞেস করলাম।
- বাবা বলেছিল, জীবন তোর। সিদ্ধান্তও তোর। তবে সত্যি, আমি খুশি হয়েছি। আমারও ডাক্তারী ভালো লাগেনা। তবে মেয়েটা যদি চায় যে তুমি ডাক্তার হও, তবে মেডিকেল ছাড়বেনা। আমার চাওয়ার চেয়ে ওর চাওয়াটা বড়। আমি বেশিদিন থাকব না। ও থাকবে।
তারপর আমি চট্টগ্রাম মেডিকেল ছেড়ে আমেরিকা চলে গেলাম। নিউইয়র্ক সিটি ইউনিভার্সিটিতে।
- ওখানে কী পড়েছেন?
-ফিজিক্স এ ভর্তি হয়েছিলাম। দুই সেমিস্টার পড়ে আর ভালো লাগেনি। পরে আবার ইকনোমিক্স এ ভর্তি হয়েছিলাম। আমার এমএ ওখান থেকেই। পিএইচডির এডমিশন নিতে পারতাম। ভালো লাগেনি। চলে আসি দেশে। ঢাকায় একটি ইংরেজি দৈনিকে স্পোর্টস রিপোর্টারের কাজ নিয়েছিলাম। মাসে ৮ হাজার টাকা।
- পিএইচডির সুযোগটা ছাড়লেন কেন?
- ভাই, আমার জীবনের তো কোনো উদ্দেশ্য ছিলনা। আমার বন্ধুরা অনেকেরই স্বপ্ন ছিল ডাক্তার হবে, ইঞ্জিনিয়ার হবে, ব্যারিস্টার হবে। তাদের অনেকে হয়েছিলও। তবে হয়েও অনেকে ভালো নেই, না হয়েও ভালো নেই। তবে কথা হল সেরকম কোনো স্বপ্নই ছিলনা আমার। আমার জীবন ছিল গন্তব্যহীন। আমি ভবিষ্যতের জন্য বর্তমানটা মাটি করিনি। জীবন ছোট। আরো ছোট যৌবন। এটি নষ্ট করা কোনো কাজের কথা না।
আমি কিছুক্ষণ নির্লিপ্ত থাকলাম। আমেরিকার পিএইচডির সুযোগ ফিরিয়ে দিয়ে দেশে এসে নিউজপেপারে চাকুরি নেয়া ভুট্টো সাহেবের পক্ষেই সম্ভব।
উনি বললেন, ঘুম আসলে ঘুমান রোকন সাহেব। রাত ভোর হয়ে এল।
- ভাবছি আপনার বাবাও দেখি আপনার মত। বাংলাদেশের কোনো বাবা ছেলের ডাক্তারী পড়া ছাড়াতে খুশি হতে পারে জানতাম না। আজ জানলাম। আপনি মনে হয় আপনার বাবার মত হয়েছেন। আপনার বাবাও কি আপনার মতই ছিল - অবৈষয়িক, বোহেমিয়ান টাইপের।
- নাহ্। আমি বাবার মতনই। বাবা একদিন আমাকে ডাকলেন, একটু অন্যভাবে। এভাবে উনি সাধারণত আমাকে ডাকেননা। আমি উনার পাশে সোফায় বসলাম। উনি বললেন, "ভুট্টো, দেখো তুমি যে পিএইচডিটা সুযোগ পেয়েও করলেনা, সেটা ভালো করেছ। আমি জানতাম, তোমার পক্ষে এই রকম সিস্টেমেটিক লেখা-পড়া সম্ভব না।"
আমি বললাম, "বাবা সত্যি বলছো?"
বাবা বললেন, "নিপু, তোমার বাবা কখন মিথ্যে বলেছে? আমি আসলে তোমার মতই একটা জীবন চেয়েছিলাম। আমি পারিনি। তুমি পারবে। তোমার চান্স আছে"। আমি বাবার পায়ে মাথা নুয়ে সালাম করলাম। বাবা বললেন, "কারো কাছে মাথা নিচু করবে না। আমার কাছেও না। তাতে আত্মার অপমান হয়।"
আমি জিজ্ঞেস করলাম, নিপু কি আপনার...?"
- না। শুধু বাবাই ডাকতেন। সব সময় না। যখন ডাকতেন, তখন ধরে নিতাম উনি কোনো সিরিয়াস কথা বলবেন।
- আপনাকে মনে হয় প্রচন্ড ভালোবাসতেন।
-অবশ্যই। আমরা তিনভাই। আমি সবার ছোট। সবাই যার যার মত করে ভালোই আছে। একজন ব্যাঙ্কে আর একজন ডাক্তার। তাদের নিয়ে বাবার টেনশনের শেষ ছিলনা, কারণ তাদের স্বপ্ন ছিল। আর আমি ছিলাম, আপনাকে তো বলেছি, বাবা যেটা হতে চেয়েছিলেন কিন্তু হতে পারেন নি, সেরকম। তাই আমার জন্য তার কোনো টেনশন ছিলনা। আমাকে নিয়ে আমার বাবা বা কারোরই কোনো স্বপ্ন ছিলনা।
ভুট্টো সাহেব বলে যাচ্ছেন। হঠাৎ তার মুখটা কেমন হয়ে আসলো। দেখলাম চোখের কোনে খানিক জল। মনে হলো উনি কিছু আড়াল করতে চাইছেন। ভেবেছিলাম, উনি এমনই মানুষ যার পক্ষে সবকিছুই অতিক্রম করা সম্ভব। কিন্তু বোধহয় জানেন না যে বুকের কষ্ট আড়াল করা যায় , চোখের জল আড়াল করা যায়না।
আমি জিজ্ঞেস করলাম -
- এনি প্রবলেম? হঠাৎ কেমন হয়ে গেলেন?
- নাহ। মানে বাবার মৃত্যুর দিনের কথা মনে পড়ছে। মৃত্যুর সময় আমি বাবার পাশে থাকতে পারিনি। বাবা ছিল চট্টগ্রামে, আমি ঢাকায়। খুবই ব্যস্ত ছিলাম অফিসের কাজ নিয়ে।
- অফিস? আপনার আবার কিসের অফিস?
- আপনাকে বলা হয়নি। আমার একটা অফিস আছে বনানীতে। নাম 'ক্রাইসিসপয়েন্ট'। বিদেশীদের থাকা, খাওয়ার, ভিসা-পাসপোর্ট প্রসেসিং ইত্যাদি করতাম। বাবার মৃত্যুর আগের দিন বড় ভাই ফোনে বলল, বাবার অবস্থা খুবই খারাপ। আমি যেন তাড়াতাড়ি যাই। যেতে পারিনি। তার পরের দিন গিয়েছিলাম। যাত্রা পথেই শুনি বাবা আর নেই। ঘরে পৌঁছুলে মা আমাকে জড়িয়ে ধরে হুঁ হুঁ করে কেঁদে উঠল। বললো, "তোকে খুব দেখতে চেয়েছিল তোর বাবা। কেন আসতে পারলি না? তোর কী এত কাজ।"
আমি বাবার রুমে গিয়ে দেখলাম বাবা শুয়ে আছে। ধবধবে কাপড়ে মোড়ানো। পাশে আগর বাতির ম ম গন্ধ। মনে হল, বাবা এইমাত্র ঘুমিয়েছে। ঘুম থেকে উঠেই আমাকে বলবে, "নিপু, আমি আসলে তোমার মতই একটা জীবন চেয়েছিলাম। আমি পারিনি। তুমি পারবে। তোমার চান্স আছে"।
রুমের ভেতর থেকে বোঝা যাচ্ছে রাতের আকাশ ক্রমে সাদা হচ্ছে। কিছুক্ষণ পর হয়তো সকাল প্রতিভাত হবে। কিভাবে একটা রাত নির্ঘুম কাটালাম টেরও পেলামনা। আমি অদ্ভুট্টো সাহেবের দিকে তাকালাম। উনি জানলার একটা কাঁচ খুলে ভোরের দিকে তাকিয়ে আছেন।

-----------------------------------------

# আয়না

*আমিনা সুলতানা [২৬তম ব্যাচ]*



*Art: Tasnia Alam Ruhi [29th Batch]*

> *আর প্রতিদিন অন্তত একবার করে হলেও আয়নার সামনে দাঁড়িয়ে সে নিজেই নিজের স্থায়ী ঠিকানা হতে চায়।*

অন্তরার অনেক কাজ জমে আছে। অনেক কাজ বলতে শুধু বলার জন্যে অনেক কাজ না, আসলেই অনেক কাজ জমে আছে। ইউনিভার্সিটির দুইটা প্রেজেন্টেশনের কাজ, সামনের সপ্তাহে একাডেমীতে একটা গানের অনুষ্ঠানের কাজ, সে যে দুইটা টিউশনি করায় সেই বাচ্চা দু'টোরও সামনের সপ্তাহ থেকে পরীক্ষা। বাসার পরিস্থিতি ভালো না, অবশ্য বেশিরভাগ সময়েই ভালো থাকে না, কিছু না কিছু একটা ঝামেলা লেগেই থাকে। ভাইয়া আর আম্মুর মধ্যে ঝগড়া, নাহলে আব্বু আর ভাইয়ার মধ্যে ঝগড়া, নাহলে তার আর আম্মুর মধ্যে ঝগড়া, নাহলে তার আর ভাইয়ার মধ্যে ঝগড়া, নাহলে আম্মু আর আব্বুর মধ্যে ঝগড়া।

এত এত জমে থাকা কাজ আর বাসার বাজে পরিস্থিতি সত্ত্বেও এই মুহূর্তে অন্তরা যেভাবে আরামচেয়ারে গা এলিয়ে বসে আছে - দেখলে মনে হবে তার জীবনে কোনোকিছুর জন্যে কোন তাড়া নেই, শেষ করবার মত কোন কাজ নেই। তার কানে এয়ারফোন আর বুকের ওপর গল্পের বই উপুড় করে রাখা। দেখলে মনে হবে অলস দুপুরে সাধারণ একটা মেয়ে চেয়ারে বসে আরাম করছে।

কিন্তু কাছ থেকে দেখলে অন্য জিনিস দেখা যায়। অন্তরার চোখের চশমার পেছনে বড় করে খোলা চোখ জোড়া নিয়ে যদি কেউ দুই মিনিট গবেষণা করার সময় বের করতে পারে, তাহলে সেখানে স্পষ্টই দেখা যাবে প্রেজেন্টেশনের স্লাইডগুলো ঘোরাফেরা করছে, মাইকের সামনে গীটারের টুংটাং শব্দ হচ্ছে, ছোটো একটা বাচ্চা প্রশ্ন করছে, "মিস এই অংকটা কীভাবে করবো?"
এবারে কেউ যদি নিতান্তই দয়াপরবশ হয়ে আরও দুই মিনিট ব্যয় করে আরেকটু গভীরে তাকায় তাহলে একটু অন্যরকম দৃশ্য দেখতে পাওয়া যাবে। দেখা যাবে অন্তরার ভাইয়া তার আম্মুর সাথে তর্ক করার এক পর্যায়ে রাগ করে গ্লাস ছুঁড়ে মারছে, গ্লাসটা দেয়ালে লেগে টুকরো টুকরো হয়ে গেছে। দেখা যাবে একটা বন্ধ দরজা, দরজার ওপার থেকে দুইটা উত্তেজিত কণ্ঠস্বর ভেসে আসছে, এক পর্যায়ে অন্তরার আম্মুর কণ্ঠটা কান্নায় ভেঙ্গে পড়লো। দেখা যাবে অন্তরা ইউনিভার্সিটি থেকে ফেরার পরে আম্মু তার দিকে তাকিয়ে বলছেন, "তোকে আমি এক ফোঁটাও বিশ্বাস করিনা অন্তরা। তোর জন্যে আমার জীবনটা নষ্ট করলাম।"
কিন্তু স্বস্তির ব্যাপার হলো এই দৃশ্যগুলো অন্তরা ছাড়া আর কেউই দেখতে পায় না, এখনকার দিনে কারই বা সময় আছে দুই দুই চার মিনিট ব্যয় করে কার চোখে কী গল্প লেখা আছে দেখবার।
অন্তরার তার জমে থাকা কাজগুলো শেষ করা দরকার। কিন্তু কোন এক অজ্ঞাত কারণে সে চেয়ার ছেড়ে উঠতে পারছে না। তার অত্যন্ত ক্লান্ত লাগছে। এটা কোন নতুন ব্যাপার না। তাকে যারা চেনে তারা জানে অন্তরার মাঝে মধ্যেই এরকম হুট করে পাথর হয়ে যাওয়ার স্বভাব আছে। অনেক আগে থেকেই আছে। তবে ইদানীং একটা পরিবর্তন হয়েছে। তা হলো, আগে যখন অন্তরার এরকম নিঃশেষ নিঃশেষ লাগতো, তখন সে ভেবে বের করার চেষ্টা করতো কার জন্যে বা কীসের জন্যে তার এমন মন খারাপ লাগছে। ভাইয়ার সাথে কথা কাটাকাটি হয়েছে, ব্যাস সে মনে মনে ভাইয়ার উপরে সব দোষ চাপিয়ে দিতো। আম্মুর সাথে মতের অমিল হয়েছে, সে "আম্মু কখনো কিছু বুঝতে চায়না" বলে নিজে নিজেকে সান্ত্বনা দিতো। প্রিয় মানুষটার সাথে দেখা হয়নি বলে সে তার উপর বিশাল অভিমান করে বসে থাকতো।

এখন ভাইয়া তাকে একটা থাপ্পড় মারলেও সে মনে মনে সমঝোতা করে নেয়, একটা মদ্যপ মানুষের কাছ থেকে আর কীই বা আশা করা যেতে পারে? ভাইয়ার মনেও নিশ্চয়ই কিছু না কিছু কষ্ট আছে, নাহলে অমন ভালো লক্ষ্মী ছেলেটা বখে যায় কীভাবে? এখন অন্তরার আম্মু অন্তরাকে যাচ্ছেতাই গালাগালি করলেও অন্তরার মনে মনে আম্মুর জন্যে মায়া হয়, মানুষটা জীবনে তো শান্তি পেলোনা। বখে যাওয়া ছেলে, অবিশ্বস্ত স্বামী, সাথে একটা বাইশ বছরের 'কান্ডজ্ঞানহীন' মেয়ে তো গোদের ওপর বিষফোঁড়া বলে মনে হতেই পারে। কীই বা এমন করেছে অন্তরা তার মায়ের জন্যে যে আম্মু তাকে দুই চোখে দেখতে পারবেন? এখন তো রাতের পর রাত দিনের পর দিন তার রায়হানের সাথে কথা হয়না, তাতে কষ্ট পেয়েও তো লাভ নেই। রায়হানের দিনদুনিয়া কি অন্তরার মত ধূসর সাদাকালো? তার কতই তো কাজ থাকতে পারে। অভিমান হলেও তাকে বিরক্ত করা ঠিক না।
এইভাবে সবাইকে মনে মনে অব্যাহতি দিয়ে দোষটুকু নিজের উপরে নিয়ে অন্তরা একধরনের স্বস্তি পায়। শুধু সে বাদে সবাই নিজের মত ভালো আছে; এই ব্যাপারটা তাকে উদ্বেগ থেকে মুক্তি দেয়। এইভাবে বিস্তারিত ভেবেচিন্তে অব্যাহতি দেয়ার জন্যে সে যে সময়টুকু নেয়, ঐ সময়টুকুই সে পাথর হয়ে চেয়ারে বা বিছানায় পড়ে থাকে।

গতকালকে ইউনিভার্সিটির ক্লাস আর টিউশন শেষ করে বাসায় ফিরতে ফিরতে দেরি হয়ে গেলো। আব্বু বসে ছিলেন ডাইনিং রুমে। অন্তরা বাসায় ঢুকে আব্বুর চোখের দিকে তাকিয়েই বুঝতে পারলো আজকে আবার একটা কাহিনী হবে।
আব্বু চেয়ার ছেড়ে উঠে আসলেন, তার চোখ লাল, কপালের কাছে শিরা দপদপ করছে। "কোথায় ছিলি?"
অন্তরা অভ্যাসমত জবাব দিলো, "টিউশনি ছিলো আব্বু।"
"মশকরা করিস তুই আমার সাথে?" আব্বুর গলা চড়ে গেলো, "এতক্ষণ টিউশনি ছিলো? আমাকে দেখলে কি তোর স্টুপিড মনে হয়?"

অন্তরা টের পেলো তার চুলের মুঠি ধরে একটা ঝাঁকুনি দেয়া হলো।
অন্তরা কিছু বলবার আগেই পেছন থেকে আম্মু বললেন, "এই মেয়ের পেছনে সময় না দিয়ে অনিকের পেছনে সময় দিলে আমার লাভ ছিলো। নষ্ট হয়ে গেছে এই মেয়ে। শোনো অনিকের আব্বু, এই মেয়ের বিয়ের ব্যবস্থা করো। দেখো কাউকে পাও নাকি!"
চিৎকার চেঁচামেচি শুনে অন্তরার ভাইয়া বের হয়ে আসলো রুম থেকে, তার চুল উষ্কখুষ্ক।
"তোমাদের এই মেয়েকে কে বিয়ে করবে? চেহারাসুরত দেখেছো?"

অন্তরা কিছু বললো না। এটা সাপ্তাহিক ঘটনা, সপ্তাহে দুয়েকবার হবেই। তবু সারাদিনের ক্লান্ত অন্তরার বুকের ভেতর কোথায় যেন ভোঁতা একটা ব্যথা হতে লাগলো। গলার কাছে আটকে থাকা দলাটা জানান দিল কান্না আসছে।
অন্তরা নিঃশব্দে হেঁটে নিজের ঘরে এসে দরজা বন্ধ করলো। অন্তরার ঘরের মাকড়শাটাও জানে, এখন অন্তরা কিছুক্ষণ কাঁদবে, তারপর কিছুক্ষণ বসে থাকবে, তারপর যখন রুমের দরজাটা খুলবে তখন রান্নাঘরে কাজ করতে থাকা অন্তরাকে দেখে বোঝাই যাবে না তার মনে কোথাও কোন কষ্ট আছে কিনা।

আরামচেয়ারে পাথর হয়ে হেলান দিয়ে বসে গতকালকের ঘটনা নিয়ে ভাবতে ভাবতে অন্তরা আবিষ্কার করলো, গত তিনদিন তার রায়হানের সাথে কথা হয়নি। আজকে সকালেই সে রায়হানকে ফোন দিয়েছিলো, কল ওয়েইটিং। পনেরো মিনিট পরে আবার কল দিয়েছিলো, কল ওয়েইটিং। তারপরে আবার দশ মিনিট পরে কল দিয়েছিলো, কল ওয়েইটিং!
জরুরী কেউ হয়তো। খুবই গুরুত্বপূর্ণ কথা হয়তো। নাহলে অন্তত একটা মেসেজ আসতো যে "পরে কথা বলি তোমার সাথে।" আহারে ছেলেটারও নিশ্চয়ই কষ্ট হয় তার খবর নিতে না পেরে। কী আর করার। জরুরী কল হয়তো।
সবার জীবনেই তো জরুরী কাজ থাকে। জরুরী জিনিস থাকে। অন্তরা কী কারো জীবনে জরুরী? অন্তরা না থাকলে আম্মুর কি কষ্ট হবে? একটু হবে মনে হয়, বেশি না। আব্বু তো প্রায়ই বলেন তার মেয়ে-টেয়ে লাগবে না। আব্বুর জীবনেও মনে হয়না অন্তরার বিশেষ একটা প্রয়োজন আছে। আর ভাইয়া? হ্যাঁ, ভাইয়ার তাকে প্রয়োজন আছে। আব্বু-আম্মুর গায়ে কি আর হাত তোলা যায়? সেই প্রয়োজন নাহয় অন্তরাকে দিয়েই মিটিয়ে নিলো। এছাড়া আর কোন প্রয়োজন নেই। রায়হানের কি তাকে প্রয়োজন আছে? থাকলেও সেটা অনেক পেছনে পড়ে আছে। লিস্টের শুরুর দিকে তার নাম নেই। অন্তরা আরামচেয়ারে গা এলিয়ে শূন্যে তাকিয়ে থেকে বুঝতে পারলো, আসলে কারোর লিস্টেরই প্রথম দিকে তার নাম নেই।

অন্তরা অনেকদিন আগে একবার ভেবেচিন্তে একটা লাইন তৈরি করেছিল, জীবনে অন্তত একজন মানুষকে বলবার জন্য। *"Will you be my permanent home in this temporary world?"* লাইনটা সে আম্মুকে বলতে চেয়েছিল, কিন্তু গত কয়েক বছরে এমন কোন সময় আসেনি যখন সে আম্মুর সাথে সাধারণভাবে বসে গল্প করেছে। সে তার কোন বন্ধু বা বান্ধবীকে বলতে চেয়েছিল, কিন্তু সেরকম কাউকে সে খুঁজেই পায়নি। যে কয়েকটা বন্ধু ছিলো সবাই অন্তরার বন্ধুত্বের ধারণাকে সম্পূর্ন ভুল প্রমাণ করে দিয়েছে।

রায়হান? ভাবতে গেলে নিজের উপর করুণার হাসি হাসে অন্তরা। সবাইকে দিয়ে সবকিছু হয় না। কেউ কেউ দুই মিনিটের চেষ্টায় কারো জীবনের লিস্টের শুরুর নাম হয়ে যায়, কেউ কেউ আজীবন চেষ্টা করেও লিস্টের নিচ থেকে মাঝামাঝি পর্যন্ত আসতে পারে না।

অন্তরা তার আরামচেয়ার থেকে উঠে দাঁড়ালো।

বইটা পাশে রেখে ধীর পায়ে হেঁটে সে আয়নার সামনে গিয়ে দাঁড়ালো। আয়নাতে অন্তরাকে দেখা যাচ্ছে। আহামরি সুন্দর কিছু না। ভীড়ের মধ্যে চোখে পড়ার মত কিছু না। লিস্টের শুরুতে থাকবার মত কিছু না। আম্মুর কোলে মাথা রাখবার মত কিছু না, তবু অসম্ভব মায়া নিয়ে অন্তরা আয়নার দিকে তাকিয়ে বললো, *"Will you be my permanent home in this temporary world?"*

♦

অন্তরার রুমের জানালা দিয়ে অন্তরার দিকে তাকিয়ে থাকা সাইকিয়াট্রিস্ট ডাক্তার কবীর একইরকম মায়া নিয়ে একটা দীর্ঘশ্বাস ফেললেন। মেয়েটা তার ছোট মেয়ের বয়সী। গত তিন বছর যাবত এই মানসিক হাসপাতালে আছে এই মেয়েটা। তার মাথার মধ্যে বাস্তব দুনিয়া নেই। সে তার অতীতের কাল্পনিক জগতে বাস করে।

আর প্রতিদিন অন্তত একবার করে হলেও আয়নার সামনে দাঁড়িয়ে সে নিজেই নিজের স্থায়ী ঠিকানা হতে চায়।

-----------------------------------------

# প্রতীক্ষা-পরিণয়

*আজিজা সুলতানা আমরিন [৩৪তম ব্যাচ]*



প্রতি শুক্রবারের মতো আজও ক্লাস আছে বেলা ৩টা থেকে। এই এক বিরক্তির দিন! দুপুর ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত প্যারার মধ্যে দিয়ে যাওয়া। মাঝে অবশ্য ব্রেক আছে। জুমু'আর সালাত আদায় করে এসে নড়তে চড়তেই তিনটা! তৈরি হয়ে বেরোবার উদ্দেশ্যে পা বাড়ালো জুবায়ের। টুকটাক লেখালেখি আর প্রকৃতির মুগ্ধকর জিনিসগুলো নিজের মুঠোফোনের ক্যামেরায় বন্দি করা তার অবসর কাটাবার মূল অস্ত্র, একান্ত শখ। কিছুদূর যেতেই হঠাৎ মোবাইলটা বেজে উঠলো। নোটিফিকেশনে দেখলো তার তোলা ন্যাচার ফটোগ্রাফির বেশ কিছু ছবি এবং লেখাতে লক্ষণীয়ভাবে কিছু লাইক এবং মাঝেমাঝে কিছু মন্তব্য। রিকোয়েস্ট বক্সে একটা নতুন আইডির অনুরোধ। কৌতূহলবশত প্রোফাইলটা ঘুরে আসলো সে, একটা ফিমেইল আইডি, অপরিচিত। সাধারণত 'মেয়ে' নামক শব্দটাতে এ্যালার্জি আছে তার। এত লাইক এবং একজন মেয়ের মন্তব্যে সে খানিকটা বিব্রতবোধ করছিলো। লাইকগুলো তো ডিলিট করিয়ে দেয়া যায়না, কিন্তু মন্তব্যগুলো তো মুছে দেয়া যায়। অস্বস্তিবোধ থেকে সে কমেন্টগুলো ডিলিট করে দিলো। মেয়েটার এ্যাক্টিভিটিস, পোস্ট দেখে দ্বীন পালনের চেষ্টা করে এমন আলামত পাওয়া যায়। তাই সে একসেপ্ট করলো।

বিকেল গড়িয়ে সন্ধ্যা, তারপর রাত ১০টার দিকে একটা মেসেজের নোটিফিকেশনের আওয়াজ- সেই একই ফিমেইল আইডি। সালাম দিয়ে সুন্দর করে তার তোলা ছবি এবং লেখা পড়ে মুগ্ধতার কথা তিন বাক্যে জানালো। খানিকক্ষণ ভেবে রিপ্লাই দিলো জুবায়ের। এই রিপ্লাই-ই তার জীবনের সবচেয়ে বড় ভুল! তার মজবুত ঈমান হালকা হবার একমাত্র সূচনা।
একবার রিপ্লাইয়ের পরই মেয়েটার সরাসরি কিছু কথা। জুবায়েরকে তার ভালো লেগেছে। সরাসরি জানায় আঁখি। তার বাড়িতে বিয়ের প্রস্তাব পাঠাতে চায়। কিন্তু জুবায়ের তো পড়ালেখাই শেষ করেনি এখনো। পাশ করে বের হতে আরও দু'বছর। পরিবারের বড় ছেলে; মা-বাবা, ছোট দুই ভাইবোন নিয়ে ছোট্ট সংসার তাদের। ছোট বোনটার এখনো বিয়ে হয়নি, সবেমাত্র উচ্চমাধ্যমিকে পড়ছে। ছোট ভাইটা পড়ে ক্লাস ফোরে। বাবা প্রবাসী, মা ঘর সামলান। পড়াশোনা শেষ করে পরিবারের হাল ধরার বিরাট দায়িত্ব তার কাঁধে। ছোট বোনটার বিয়ে দিয়ে তবেই তো নিজের জন্য ভাবা যায়। কিন্তু এ কোন ঝামেলায় পড়লো সে!
মেয়েটাও নাছোড়বান্দা; তার পছন্দ হয়েছে এটাই নাকি সবচেয়ে গুরুত্বপূর্ণ কথা! জুবায়ের যতই এড়িয়ে যাওয়ার চেষ্টা করুক, সে তো মানবীয় দুর্বলতার উর্ধ্বে না। অতঃপর ব্লকলিস্টে জায়গা করে নিলো আঁখি। এরপর সবকিছু শান্ত...
কিছুদিন পর কালো লেখাগুলো আবার নীল হলো। জুবায়ের তার মানসিক অস্বস্তি কাটিয়ে উঠতে পেরেছে তাই আনব্লকড। আঁখিতো বেশ অবাক! ব্লক হওয়াটা মোটামুটি তার কাছে অপমানের ছিলো। তাই আনব্লকড হওয়াটা যথেষ্ট বিরক্ত করছে তাকে। তাই আবার ম্যাসেজ দিয়ে ব্লক করতে বলে সে। বিরক্ত হয়ে জুবায়ের এবার ম্যাসেজেই ব্লক করলো। আবার আরেকটা আইডি খুলে সেখান থেকে ম্যাসেজ দিলো আঁখি। ছেলেটাকে তার ভালো লেগেছে। বিয়ের আগে যে কোনো সম্পর্ক হারাম, তাই সরাসরি বিয়ের প্রস্তাবই দিয়েছিলো বেচারি।
মেয়েটার এত মিনতিপূর্ণ অনুরোধে দুর্বলতা আবার পেয়ে বসলো তাকে। হেরে গেলো নিজের কাছে, নিজের নফসের কাছে। আঁখি কখনোই চায়নি এমন; সে কখনোই চায়নি বিয়ের আগের হারাম সম্পর্ক। কিন্তু আটকে গেলো কিছু একটাতে। তারা এখন নিয়ম করে কথা বলে। আবার পাঁচ ওয়াক্ত সালাত, ফরজ পর্দা, কিছু সুন্নত সবকিছুই মেনে চলে কিংবা চলার চেষ্টা করে... এভাবে কেটে গেলো একবছর। আস্তে আস্তে তাদের উপলব্ধিতে আসলো, যা চলছে সেটা কখনোই তারা দুজনই চায়নি। এভাবে চলতে থাকলে তারা অন্ধকারাচ্ছন্ন অতল গহ্বরে হারিয়ে যাবে। সেখান থেকে চাইলেও ফিরে আসা সম্ভব হবেনা।
তাই সিদ্ধান্ত নিলো আলাদা হবার কিন্তু কেনো যেনো পারছিলো না। এই ক্ষেত্রে একমাত্র সমাধান আক্‌দ করে নেয়া। কিন্তু সেটা এখন সম্ভব না, তাই আলাদা হওয়াই উত্তম!
অনেকদিন আল্লাহর নিকট অবনত মস্তকে তওবা করা হয়নি তাদের; আজ সব ঠিক। তারা এখন আর নিয়ম করে কথা বলেনা, চ্যাটিং করেনা।

♦
কয়েক বছর পরের কথা...
আঁখি আর জুবায়েরের আজ বিয়ে। আল্লাহ্ তাদের আলাদা করেন নি। নিশ্চয়ই তিনি সুবিবেচক এবং সুবিচারের অধিকারী!
আলহামদুলিল্লাহ!
পবিত্র কুর'আনে আছে -
*"নিশ্চয় মুসলমান পুরুষ, মুসলমান নারী, ঈমানদার পুরুষ, ঈমানদার নারী, অনুগত পুরুষ, অনুগত নারী, সত্যবাদী পুরুষ, সত্যবাদী নারী, ধৈর্য্যশীল পুরুষ, ধৈর্য্যশীল নারী, বিনীত পুরুষ, বিনীত নারী, দানশীল পুরুষ, দানশীল নারী, রোযা পালনকারী পুরুষ, রোযা পালনকারী নারী, যৌনাঙ্গ হেফাযতকারী পুরুষ, যৌনাঙ্গ হেফাযতকারী নারী, আলাহর অধিক যিকরকারী পুরুষ ও যিকরকারী নারী - তাদের জন্য আল্লাহ প্রস্তুত রেখেছেন ক্ষমা ও মহাপুরস্কার।"*
*[সূরা আল-আহযাবঃ ৩৫]*

# গল্প থেকে শিক্ষা

*মোহাম্মদ ফরহাদ [২৯তম ব্যাচ]*

রাজার সাথে কৃষকের খুব ভালো সম্পর্ক। কৃষকের অমায়িক ব্যবহার আর প্রয়োজনের চেয়ে বেশি কথা না বলার অভ্যাস কৃষককে রাজার প্রিয়পাত্র করে তুলেছে। কিন্তু রাজার কাজী এটা মোটেও সহ্য করতে পারেন না। সে সুযোগের অপেক্ষায় থাকে কিভাবে রাজা আর কৃষকের সুসম্পর্কে ফাটল ধরানো যায়।

অবশেষে সেই মওকা এসে গেল। একদিন রাজা তার প্রাসাদে প্রজাদের উদ্দেশ্যে বিশাল এক ভোজ উৎসবের আয়োজন করলেন। উৎসবে নানাপদের সুস্বাদু খাবারের কোন কমতি রইল না। কিন্তু খাবারে রসুনের পরিমাণ পরিমিতের চেয়ে অনেক বেশি হলো। খাওয়া শেষে রাজা সবার কাছে জানতে চাইলেন, খাবার কেমন হলো।
সবাই ভয়ে ভয়ে জবাব দিল, হুজুর, খাবার খুবই সুস্বাদু হয়েছে।
যখন রাজা কৃষককে জিজ্ঞেস করলেন, তখন কৃষক গামছা দিয়ে মুখ ঢেকে বলল, খুব ভালো হয়েছে, হুজুর।
কৃষকের নিজের মুখ ঢেকে কথা বলার বিষয়টা তখন রাজার নজর এড়িয়ে গেল।
পরদিন এই ঘটনার সুযোগ নিয়ে কাজী রাজার দরবারে গিয়ে বললেন, জাহাপনা, একটা কথা বলার ছিল যদি অনুমতি দিতেন!
রাজা সম্মতি দিলেন।
কাজী অনেকটা নালিশের সুরে বললেন, একটা বিষয় খেয়াল করেছেন? কৃষক আপনার সাথে মুখ ঢেকে কথা বলেছেন যে!
রাজা কৌতুহলী হয়ে জানতে চাইলেন, তার কারণ কী?
কাজী বললেন, কৃষক আপনার সাথে ভালো খাতির দেখালেও পেছনে আপনার সমালোচনা করে। সে নাকি আপনার সাথে না পারতে কথা বলে। আপনার মুখ দিয়ে নাকি দুর্গন্ধ বের হয়। তাই মুখ ঢেকে কথা বলেছে।
এটা শুনে রাজার মাথায় রক্ত চড়ে গেল। তিনি তৎক্ষণাৎ কৃষককে জরুরী তলব করলেন। কৃষক দরবারে পৌঁছুলে রাজা তার হাতে একটা চিরকুট দিয়ে বললেন সেটা যেন পাশের শহরের একটা ঠিকানায় পৌঁছে দেয়। কৃষক রাজার অগ্নিমূর্তি দেখে কথা না বাড়িয়ে চিরকুটটা নিয়ে ছুটলেন।

এরপর কেটে গেল বেশ কিছুদিন। সেদিনের পর থেকে কাজীকেও রাজপ্রসাদের কোথাও আর দেখা গেলোনা। একদিন রাজা শহরের উপকণ্ঠে কৃষককে দেখে বেশ অবাক হলেন। হন্তদন্ত হয়ে কৃষকের কাছে ছুটে গিয়ে জানতে চাইলেন, তুমি ফিরে এলে কিভাবে? আর তুমি কি জানো কাজী কোথায়?
তখন কৃষক জানাল, আমি তো কোথাও যাইনি। কাজী সাহেব ফিরে আসেননি?
রাজা বললেন, কোত্থেকে ফিরে আসবেন?
কেনো? চিরকুটটা নিয়ে তো কাজী সাহেবই গেছেন ঐদিন, জবাবে বলল কৃষক।
এটা শুনে রাজা থ হয়ে গেলেন। এবার রাজা জানতে চাইলেন, ঐদিন ভোজ উৎসবে আমার সাথে কথা বলার সময় নিজের মুখ ঢেকে রেখেছিলে কেন?
কৃষক লজ্জিত হয়ে বলল, মাফ করবেন হুজুর। খাবারে রসুনের পরিমাণ বেশি হওয়ায় আমার মুখ দিয়ে রসুনের গন্ধ বেরুচ্ছিল। আমার দ্বারা আপনার কষ্ট হতে পারে, তাই এমনটি করেছিলাম।
এবার রাজা জানতে চাইলেন, ঐ চিরকুট কাজীর হাতে গেলো কেমন করে?
কৃষক বলল, আপনার দরবার থেকে বের হয়ে আমি ঐ শহরের দিকে যাচ্ছিলাম। পথিমধ্যে কাজী সাহেব আমার পথ আগলে ধরে বললেন, চিরকুটটা আমাকে দিন। আপনার যেতে কষ্ট হবে। তাই আমি তাকে চিরকুট দিয়ে দিয়েছিলাম।
এটা শুনে রাজা বললেন, যেমন কর্ম তেমন ফল।
কৃষক জিজ্ঞেস করল, এই কথার মর্মার্থ কী?
রাজা বললেন, চিরকুট দেওয়া হয়েছিলো একজন জল্লাদকে।
কৃষক অবাক হয়ে জানতে চাইল, কি লিখা ছিলো চিরকুটে?
রাজা জবাবে বললেন, লিখা ছিল "পত্র পাওয়া মাত্র বাহককে হত্যা করিবে।"

# গল্পের আড়ালে জীবনের প্রতিচ্ছবি

*তাসমিয়াহ ইসলাম চৌধুরী [৩০তম ব্যাচ]*

শহীদ কায়সার। সকলের নয়নের মনি। ভাই-বোন, তাদের ছেলে-মেয়ে সবাইকেই জান-প্রাণ দিয়ে ভালবাসে সে। সুখে-দুখে, বিপদে-আপদে সবসময় সবার আগে এসে হাজির।

জন্ম তার ১৯৭৮ সালে। আট ভাই-বোনের মধ্যে সবার ছোট। জন্মের ৩ বছরের মাথায় মা চলে যায় না ফেরার দেশে। বড় ভাই-বোনের আদর আর শাসনে তার বেড়ে উঠা। বড় বোনগুলোর বিয়ের ক'দিন যেতেই বড় ভাইও বিয়ে করলেন, হয়তো ছোট্ট ভাইটা মায়ের মত একজন পাবে এ আশায়। কিন্তু না, সে বরণ করে নিল জীবনের কালো অধ্যায়। ভাবী এসেই তার পড়ালেখা বন্ধ করে দিল। তারপর ধীরে ধীরে তার খাওয়া-দাওয়াও। এ বেলা খাবার জুটলে ওবেলা খাবার নেই। শহীদ সব নীরবেই সহ্য করে যাচ্ছিল। ভাইয়া, বাবা, কারো কাছে অভিযোগও করেনি সে। অত্যাচারের মাত্রা যখন তীব্র থেকে তীব্রতর হতে লাগলো, সে নিরুপায় হয়ে বেরিয়ে পড়ে। কিছুদিন এ বোনের বাড়ি, কিছুদিন ও বোনের বাড়িতে আশ্রয় জোটে তার। এতে বড় ভাইও ভুল বুঝলো তাকে। সে ঘর ছাড়া হয়। যে ভাই কিনা বিয়ের আগ পর্যন্ত তাকে চোখের আড়াল পর্যন্ত হতে দিত না।
বোনদের অনুপ্রেরণায় সে আবার পড়ালেখা শুরু করে। উচ্চ মাধ্যমিক পাশ করে। ডিগ্রী পরীক্ষায়ও উতরে গেল। তার ভেতরে ছিল চাপা এক অকথ্য কষ্ট। কিন্তু বাইরে থেকে দেখলে মনে হয় খুব ভালোভাবেই তার দিন কাটছিল। কারণ ভাগ্নে-ভাগ্নীদের সাথে তার খুব ভালো একটা সখ্যতা তৈরী হলো। তারাও 'মামা' বলতেই আজকাল দিশেহারা। সেই সাথে ভগ্নিপতীদেরও খুব কাছের একজনে পরিণত হলো। তাদের সম্পর্ক দেখে মনে হবে রক্তের সম্পর্কের ভাই। এভাবেই দিন যায়।
হঠাৎ খবর এলো, বাবা অসুস্থ। বার্ধক্যজনিত জটিলতায় অবহেলিত অবস্থায় এক কোণায় পড়ে রইল। সেবা যত্ন নেই। বড় ছেলেরও সময় হয়না বাবার দিকে ফিরে তাকানোর। শহীদ কায়সার ভাইয়ার ভয়ে লুকিয়ে লুকিয়ে এসে বাবার দেখাশোনা করে; ডাক্তার দেখানো, ওষুধপত্রের ব্যবস্থা করা। বাবাও নির্বাক দীর্ঘশ্বাস ফেলে। ছেলের মাথার উপর হাত রেখেই ঘুমিয়ে পড়ে। শহীদ কায়সারও বেরিয়ে পড়ে।
এভাবেই সে শুধু সবার দোয়াই অর্জন করতে লাগল। মেঝ বোনের অপারেশনের জন্য ২৩ ব্যাগ রক্তের ব্যবস্থা তৎক্ষণাৎ সে নিজেই করেছে। নিজে এক ব্যাগ রক্ত দিয়ে ডাক্তারকে বলেছিল, "আমার শরীরের সবটুকু রক্ত দিয়ে আমার মেঝআপুকে বাঁচান।" বোনকে মৃত্যুমুখ থেকে ফিরিয়ে আনলো। তারও দু'বছর পূর্বে এক ভগ্নিপতীর রোড এক্সিডেন্ট হয়। তাকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার ক্ষেত্রেও তার অবদান ছিল সর্বাত্মক। একবার রাত ২ টায় বোনের ছেলের খিঁচুনী হয়। শহীদ কায়সার ছিল তখন বড় বোনের বাসায়। সে ফোনে বলেছিল, "আপা তুই কিছু চিন্তা করিস না, তুই আমার মামুকে নিয়ে হসপিটালে আয়। আমি গিয়ে মামুর জন্য কেবিন ভাড়া করছি। আমার মামুর কিচ্ছু হতে দিব না আমি।"

আপাদের জন্য দূতস্বরূপ ছিল সে। নিঃস্বার্থ শুধু ছুটেছে। এক বন্ধুর সাথে গার্মেন্টস ব্যবসায় যোগ দিল। তার দক্ষতা দেখে এক ভগ্নিপতী তাকে নিজের ব্যবসায় টেনে নিল। ধীরে ধীরে পুরো ব্যবসা তার উপর ছেড়ে দিল। এদিকে বোনেরা তার বিয়ে নিয়ে চিন্তা ভাবনা করতে লাগলো। বয়স তো থেমে নেই। ৩৫ বছর বয়সে সে বিয়ের পিড়িতে বসলো। বৌ পরীর মত দেখতে। শ্বশুর বাড়িতেও সে সমাদৃত। একমাত্র মেয়ে জামাই বলে কথা। বছর পেরুতেই কোল জুড়ে এলো ফুটফুটে এক ছেলে সন্তান। দেখতে পুরো শহীদ কায়সারের কার্বনকপি।
দেড় বছর  পর একদিন বিকেলে শহীদ কায়সার তার বিজনেস শোরুম থেকে তড়ঘড়ি করে বেরিয়ে গেল। স্টাফরা জিজ্ঞেস করতেই বলেছে, "একটা জানাজায় যাচ্ছি। এরপর কিছু কাজ সেরেই আসছি আমি।"

রাত হয়ে গেছে। শহীদ কায়সারের কোন খবরই নেই। এদিকে তার বৌয়ের চিন্তার অন্ত নেই। আত্মীয়-স্বজন সবার কাছে খোঁজ নিয়েছে। পাওয়া যাচ্ছে না তাকে। কিছু সময় পর শহীদ কায়সারের নাম্বার থেকে তার বৌয়ের কাছে কল আসে। কিন্তু অন্য এক কণ্ঠ। ওপাশ থেকে বলছে, "এইডা যার মোবাইল, তারে আমি জঙ্গলে পইড়া থাকতে দেইখা মেডিকেলে লইয়া আইসি। আমি একজন দিনমজুর। আপনেরা তাড়াতাড়ি আহেন"। কেটে গেল মোবাইল। সবাই এলে তাদের কাছে শহীদ কায়সারের দায়িত্ব দিয়ে চলে যায় ওই দিনমজুর।
টানা চার ঘন্টা মৃত্যুর সাথে লড়াই করে হেরে গিয়ে সবাইকে কাঁদিয়ে দিয়ে নিষ্ঠুরের মত একাই না ফেরার দেশে চলে গিয়েছে।
একে কি বলবো? মৃত্যু নাকি অপমৃত্যু?
এটাই কি শহীদ কায়সারের "শহীদ" নামের যথার্থতা!!
তার এ মৃত্যুশোক মেনে নিতে পারেনি বোনেরা। একবোন মানসিক ভারসাম্যহীন হয়ে পড়ে। আরেক বোন স্ট্রোক করে পঙ্গুত্বকে বরণ করে নিয়েছে। এটাই কি নিয়তি?

..................................................

# ভালোবাসা ফেরত

*আদিবা নিগার [৩০তম ব্যাচ]*

একটা দাঁড়কাক মরে টিনের চালায় পড়ে আছে। বোধ হয় কারেন্টের তারের শক লেগে মারা গেছে। কারণটা ঠিক বুঝা যাচ্ছে না। আশেপাশে কা কা করে আরো শ'খানেক কাক জড়ো হয়েছে প্রায়। কাকদের এই হলো একতা। কোন একজনের বিপদে সবাই দল বেঁধে হাজির হয়।

রোদেলার মন খারাপ। সে রোজ এক ঝাঁক কাককে খাবার দেয়। সে যখন বারান্দায় খাবারের বাটি নিয়ে দাঁড়ায় কাকগুলো তার হাত থেকেই ছোঁ মেরে খাবার নিয়ে যায়। আগে অবশ্য ওকে ভয় পেতো। কাছেই আসতে চাইতো না। কিন্তু এখন বেশ বন্ধুত্বপূর্ণ ভাব। যে কাকটা মারা গেলো সেটা ঐ দলেরই কোন কাক হবে। কোনজন যে মারা গেছে রোদেলা বুঝতে পারছেনা। কাকপক্ষীদের চেহারা দেখে আলাদা করে চেনা মুশকিল। সবাই দল বেঁধে দেখতে একইরকম। কিন্তু কাকরা নাকি মানুষের চেহারা খুব ভালোই চিনতে পারে। কথাটা কতটুকু সত্যি কে জানে!

রোদেলার রোজ সকালে ক্লাসের জন্য বের হতে হয়। ভার্সিটি বাস কাঁটায় কাঁটায় ৬ টা ৩০ মিনিটে ছেড়ে দেয়। বাস ধরতে তার বের হতে হয় একদম কাক ডাকা ভোরে। তখন কুয়াশায় মোড়া পিচঢালা রাস্তাগুলো থাকে একদম শান্ত, নিশ্চুপ। শুধু রাস্তার মোড়ে পান সিগারেটের দোকানটা হাট করে খোলা থাকে আর দোকানের সামনে আড়াআড়ি করে রাখা বেঞ্চটায় একদল বাউন্ডুলে ছেলে সিগারেটের ধোঁয়া উড়ায়। তাদের সামনে দিয়ে পার হওয়ার সময় রোদেলার নিশ্বাস আটকে যায়। হেডফোনের ভলিউম বাড়িয়ে দিয়ে গান শোনার কারণে তাদের কথা কানে আসেনা ঠিকই, কিন্তু তাদের অঙ্গভঙ্গি দেখে তার গা গুলিয়ে উঠে।

দিনটা ছিলো প্রতিদিনকার মতোই একটা দিন। শুধু রাস্তার পাশের দোকানটায় ছেলেগুলো ছিলোনা। দোকানটা পার করতেই কে যেন পেছন থেকে ভারী কিছু দিয়ে তার মাথায় আঘাত করে। রোদেলার এতটুকুই শুধু মনে আছে।
এখন সে অসহায়ভাবে পড়ে আছে বাসার পেছনে খোলা একটা মাঠে। চোখের চশমাটা নেই, মাথা তোলার শক্তিও নেই তার। ঝাপসা লাগছে চারপাশ। কিন্তু চশমা ছাড়াও সে তার সামনে ক্রুর হাসি দেয়া একদল হায়েনাকে দেখতে পাচ্ছে। তার এই অবস্থা দেখে তারা হেসে লুটোপুটি খাচ্ছে। চেহারাগুলো তার খুব চেনা। প্রতিদিন পান সিগারেটের দোকানের সামনে বসে যারা তাকে চোখের দৃষ্টি দিয়ে এফোঁড়ওফোঁড় করে দেয় আজকে সে একদম তাদের হাতের নাগালে। রোদেলার মাথা দপ দপ করছে। সে দুয়েকবার চিৎকার করার চেষ্টা করতেই শক্ত একটা হাত তার মুখ চেপে ধরলো। তবে কি সে আগামীকালের খবরের কাগজের নিউজ হতে যাচ্ছে?

হঠাৎ উপর থেকে একটা আওয়াজ শুনতে পেলো- কা কা শব্দ! আস্তে আস্তে আওয়াজটা বাড়ছে। বাড়ছে কাকের দলের সংখ্যা। তার মাথার উপর উড়ছে প্রায় শ'খানেক কাক। তার কান ঝালাপালা হয়ে যাচ্ছে প্রায় কিন্তু বুকটা ভরে যাচ্ছে আশায়। এতোগুলো কাক একসাথে! কেউ এই শব্দ শুনে নিশ্চয়ই এগিয়ে আসবে...
ওই তো, দারোয়ান চাচাকে দেখা যাচ্ছে। সাথে অপরিচিত দুজন আছে। হায়েনার দলটা পালিয়ে যাচ্ছে, তাদের মুখে অকথ্য ভাষার গালি। রোদেলা কা-কা শব্দ ছাড়া আর কিছু শুনতে পাচ্ছেনা।
তার মাথায় কেবল একটা কথাই ঘুরপাক খাচ্ছে। পশুরা তো ভালোবাসা ভুলেনা, তবে মানুষ কেনো মনুষ্যত্ব ভুলে যায়!



*Art: Sarwar Hossain-29th Bacth*

# প্রাপ্তি

*সুমাইয়া মাহবুব পাপড়ি [২৬তম ব্যাচ]*

একটা জীবন থেকে দুই জীবন মনে হচ্ছে এখন। হাঁটছি, ঘেমে একসার হচ্ছি। পত্রিকায় চাকরির বিজ্ঞপ্তির একটা সুযোগ বাকি রাখছি না যেখানে আবেদন করলে একটা চাকরি আসবে।

চাকরি !!

গত দুই বছর বেকার বসে আছি।ভালো সিজিপিএ পেয়েও চাকরি পাচ্ছিনা। যেখানেই যাই, সবখানেই কিছু না কিছু বলে রিজেক্ট করে দেয়। একবার তো ইন্টারভিউ বোর্ডে আমি পনেরো বছরে এস.এস.সি পাশ করেছি শুনে হেসে কুটিকুটি হয়ে গিয়েছিল তারা। তাদের নাকি বিশ্বাস হচ্ছিল না। আমি কিভাবে বোঝাতাম তাদের? আসলে বুঝা-না বুঝা পরের কথা। তারা তো আমাকে চাকরি না দেবার একটা বাহানা খুঁজছে শুধু।আরে আমার বাবা, দাদা, চাচা, মামা কেউ তো আর বড়সড় হর্তাকর্তা না। আমার চাকরি কিভাবে হবে? রেফারেন্সের জায়গায় বিরাট কোনো ব্যক্তির নাম তো নেই যা পড়লেই দ্বিতীয় লাইনের ডেজিগনেশন কি সবাই জানবে।

ভাবলাম দুবছর গাধার খাটুনি দিয়ে যখন চাকুরি পেলাম না, কোনো সরকারী পরীক্ষার ভাইভাতে টিকতে পারিনি, এবার আমার নিজের কিছু একটু করা দরকার। কিন্তু কি করবো? ব্যবসা দাঁড় করানো চাকরি খুঁজার চেয়েও কষ্ট। তাও যদি সফল হই তো ভাল, না হয় তো মানুষের কথা আছেই, সাথে ব্যর্থতার নতুন গ্লানি। তবে চারপাশ না ভেবে এখন নিজেকে আটঘাট বেঁধে নামতে হবে। যেহেতু হাতেও তেমন জমানো টাকা নেই। কোনোভাবে যদি কিছু একটা করতে পারি মা বাবার সামনে দাঁড়াতে লজ্জা করবেনা আর।আজকাল মানুষ খাবারের সন্ধান করে যেখানে সেখানে। স্কুল-কলেজ-ইউনিভার্সিটি সবখানেই ফুড কার্টের অনেক চলন। কোথাও যদি বসে পড়ি কিছু নতুন খাবার নিয়ে হয়ত খুব ভালোই হবে! আশাতে বুক বেঁধে দু একজন সহচর নিয়ে নেমে পড়লাম। সহচর দুজনের একজন পড়ালেখা অবস্থায়। আরেকজন আমার মতোই বেকার। কয়েকদিন নতুন নতুন ফুড গ্রুপে প্রচার করে গেলাম। কিছুদিন পর জমজমাট ব্যবসা শুরু হল।যেহেতু আমি আর আমার বেকার বন্ধু রিমন ছিলাম পার্টনার। দুজনে মধ্যে টাকা ভাগ হতো। এরপর বেতন দেয়া হতো পড়ালেখারত অবস্থায় থাকা মিঠুকে।

এভাবে ভালোই চলছিল। একসময় এত লোক জমা হতো যে কাজের জন্য আরেকজন বেতনভুক্ত মানুষ রাখলাম। কিন্তু কিছুদিন পর পড়ল এক যা বাঁধা। নতুন আরেকটা কার্ট নিয়ে নেমে পড়ল আরেক দল। তাদের খাবারের সুনাম ছড়িয়ে পড়ছিল দ্রুত। একসময় আমাদের খাবারের মান ভালো হওয়া স্বত্ত্বেও লোভনীয় অফারে সবাই সেসব খাবার গিলছিলো।যতটুকু জানতাম সেখানে আজকের তেল কালকেও দেয়া হতো; মেয়াদউত্তীর্ণ বান, পাউরুটি দিয়ে খাবার বানানো হতো! কিন্তু ভালো খাবারের বাইরে খারাপ কিছু খাইয়ে ব্যবসা ধরে রাখার মতো কখনই মানসিকতা ছিল না আমার। বন্ধু অবশ্য বলেছিল এভাবে করে চলতে হবে। কিন্তু কেনো যেন পারিনি। বন্ধুও রাগ করে চলে গেল দূরে। অনেক চেষ্টা করেও বেশিদিন টিকিয়ে রাখতে পারলাম না জীবনের প্রথম পদক্ষেপটা!

বাসায় মা অনেক বিরক্ত। সারাক্ষণ বলে, কি পড়ালেখা করেছিস? একটা চাকরি জুটেনা! বলেছিলাম পড়লে বিবিএ, এমবিএ, সিএসই পড়। কিসব ইএলএলে পড়েছিস, কিসব সাহিত্য পড়েছিস, কি আর হয়েছিস! কপালে আর চাকরি জুটবেনা তোর।

আর বাবা কখনো কিছু বলেননি। ভাগ্যিস আমার কোনো বড় ভাই নেই। নাহলে তিনিও কত বকতেন এটা ভাবি। ছোট বোনটা ক্লাস এইটে পড়ে। কেনো জানি মনে হয় ও-ই আমার দুঃখটা বোঝে। যখন মন খারাপ করে বসে থাকি, এককাপ চা এনে বলবে, "ভাইয়া, আজকে তোর টেবিলের উপরে রাখা ঐ বইটা পড়েছি। অনেককিছু বুঝিনি তবে পড়ে শান্তি পেয়েছি একরকম!" আমার বোনটাই এই ঘরে সবচাইতে আনন্দের কারণ, আমার জন্যে। মা বাবাও যে আমাকে বোঝেননা তা না। তবে তাঁরা এইটা বোঝেননা যে হাজার সিএসসি, বিবিএ করা গ্রাজুয়েটও চাকরি পায় না। আর চাকরি মানেই তো চাকর। কিন্তু সব জায়গায় চাকর হতে হলেও মানসিক প্রশান্তির একটা ব্যাপার থাকে।

তারপর একদিন সার্কুলার পেলাম! ছোট একটি স্কুল এন্ড কলেজে টিচিং বিজ্ঞপ্তি। হয়তো এবারও টিকবো না। তাও অনেকদিন পর আবার গেলাম ইন্টারভিউ দিতে; মূলত অংশগ্রহণ করতেই শুধু। সবকটা প্রশ্নের উত্তর লিখেও আসলাম! ভাইভাও ভালো হলো। হঠাৎ একদিন কল আসলো তারা আমাকে টিচার হিসেবে নিযুক্ত করবেন। বাসায় মাকে জানালাম। মা রীতিমত বলে বসলেন, এতদিন এত কষ্ট করে পড়ালেখা করিয়েছি কি স্কুলে গিয়ে ক খ গ ঘ পড়াতে? আমি হেসে বললাম, মা, ক খ গ গ তো না! অনেককিছু পড়ানো যাবে। আর আম্মু আমি যদি সবাইকে পড়াই এই একটা পড়ার জন্য কতশত ছাত্র-ছাত্রী আমাকে মনে রাখবে। ভাবতে পারছো?

হ্যাঁ! ছাত্র-ছাত্রীর কথায় মনে হয় তোমার পেট চলে যাবে? বউ আনতে গেলে তোমাকে বিয়ে করবেটা কে শুনি?

মা। জীবন কখনো থেমে থাকে না। কারো জন্যই না। রাস্তার এতিমরা কোনো একদিন হয়তো না খেয়ে থাকে। প্রতিদিন তো আর এক না। খাবার জুটে যায়। নেক নিয়তে যেকোনো কাজের জন্য আল্লাহ তোমাকে পুরষ্কৃত করবেনই।

তোমার এসব কথার ফুলঝুরি দিয়ে পেট চলবে না। বৌয়ের জন্য নতুন নতুন কাপড় এনে দিতে না পারলে বুঝবে তবে-

কই মা? আমার জানামতে বাবা ঈদে-কুরবানে মাঝেসাঝে দু একটা নতুন কাপড় দিতো।মাঝে মাঝে কত ঈদ গিয়েছে নতুন কাপড় ছাড়া! জীবন কি থেমে আছে?

তুমি শিক্ষক হবে। এই তো? এত কথা বলতে হবেনা। মানুষের বাচ্চা মানুষ করো তুমি। সবাই শিক্ষক হয়ে গেলে আর কথা ছিল না। এত এত আদর্শ জীবনের উদাহরণ থাকতো যে টাকা পয়সা নিয়ে ঝামেলা হতোনা। সারাদিন গাধার খাটুনি করে পড়াবে আর মাস শেষে কটা টাকা এনে কোনদিকে খরচ করবে আর কোনদিকে করবেনা তা হিসেব করবে আর ব্যাংক ব্যালেন্সের দরকার নেই। মানুষ জিজ্ঞেস করবে ছেলে কি করে আপনার? জ্বি, টিচার! এই বলবো মানুষকে আমি। আর মানুষ মুখ বাঁকিয়ে বলবে, ওহহহহ...! ভেবেছিলাম ভালো কোনো প্রাইভেট জব করবে কিংবা সরকারী। তাছাড়া সাবজেক্ট পছন্দ করার সময়ও ইএলএল বাহানা ছিলো তোমার। চাকরির ক্ষেত্রেও বলবে এটা।

ছাত্র-ছাত্রী। মানুষের বাচ্চাটা কি আবার? আমরা সবাই মানুষের বাচ্চা মা। আচ্ছা মা, আজকে যদি আমার বা আমার বোনের কিংবা তোমাদের শিক্ষকরা না থাকতো, গাধার খাটুনি না করতে তুমি, আমি কি এতটা চিন্তাশীল হতাম মা? আচ্ছা তোমার কি মনে হয় সিএসসি যারা পড়ছে তারা সবাই ইঞ্জিনিয়ার? যারা বিবিএ পড়ছে সবাই ব্যাংকার? সবাই চাকরি পেয়েছে আমি ছাড়া?

এতকিছু বুঝিনা বাবা, তোমার জীবন তুমি বুঝো।

এই বলে মা এবারের মতো অধিবেশন সমাপ্ত করলো। কিন্তু এটা চলমান। আবার উঠবে এই ধরনের কথা। আবার শুনবো। তবে আমার কিছু যায় আসেনা। আমি মানুষ গড়ার কারিগরই হবো! জানি বিশ হাজার টাকা বেতনের চাকরি কখনো খুব সুবিধার না। ছেলেমানুষের জন্য তো না-ই। কয়েক বছর পর হয়তো বেতন আরেকটু বাড়বে। হয়ত টাকার জন্য দু-একটা টিউশান করাতেই হবে। তবে সেখানেও সময় মেপে পড়াতে পারবোনা বলে হয়তো মায়ের কাছে বকুনি শুনবো। যেখানে রিকশা করে যাওয়া যায় সেখানে হয়ত লোকাল বাসে করে যাবো, পায়ে হেঁটে যাবো। জুতার চামড়া উঠে যাবে, পায়ের তলায় ব্যথা হবে। স্কুলে-কলেজের চেঁচামেচিতে জীবন পার হবে। এই প্রশ্ন-সেই প্রশ্নের বাণে সময় যাবে। জীবন চাইলে হয়তো আরেকটু বড় হবো। কষ্ট হয়তো কমবে কিংবা বাড়বে। কিন্তু এতটুক জানি এতদিন আমি চাকরি পাইনি! সম্মানও না!

এখন আমার চাকরি হয়েছে। সম্মান আসে ছাত্র-ছাত্রীর কাছ থেকে, তাদের অভিভাবকের কাছ থেকে। মাঝেসাঝে বিপরীতও হয় তবে দিনশেষে মানুষ গড়ার কারিগর হিসেবে যখন বুঝতে পারি যে ছাত্র-ছাত্রীরা অন্তত কিছু শিখেছে, কিছু দিতে পেরেছি আমার বাচ্চাগুলোকে; তখন মনে হয় আমি স্বার্থক! শিখেছি অনেককিছু এদের কাছ থেকেই। এতটা মেপে সবার জীবন চলে না। বিশেষ করে শিক্ষকের তো না-ই। আমরা কজনেই বা মনে রাখি জীবনে কয়জন শিক্ষককে? তবে হ্যাঁ, কোনো একদিন মনে পড়ে যে এই স্যার ঐটা বলেছিলেন একবার, ঐ ম্যাম ঐটা বলেছিলেন। হয়ত ভুলেও গেছি অনেককে। তবে যে শিক্ষা অর্জন করেছি তা বেঁচে থাকে সুপ্ত আলো হয়ে। আমরা যারা শিক্ষক, এভাবেই বেঁচে থাকি সুপ্ত হয়ে। প্রাপ্তি এখানেই, এতটুকুই! জীবনের কতশত দুঃসময়েও এই "স্যার" ডাক শোনার পরে শান্তি পাই। শিক্ষকদের মনের কথা শুধু একজন শিক্ষকই বুঝেন। আর ইংরেজি সাহিত্য! যাকে নিয়ে আমার মায়ের এত অভিযোগ, আমি জীবনদর্শন খুঁজে পেয়েছি এখানে। আমার তৃপ্তি পাই এখানেই। স্বল্প পরিসরে বৃহৎ জীবনের সাজগোজ চলে এখানে। সবাই যখন মোটা অংকের টাকা গুণে চলে অনেকগুলো কপালের ভাঁজ নিয়ে, আমি তখন স্বপ্ন দেখি একদিন আমার নাম সব ছাত্র-ছাত্রীর মুখে মুখে রবে।

একদিন আমি থাকবোনা। কিন্তু শিক্ষকের ভূমিকায় সেদিনও বেঁচে থাকবো আমি! মা যা বলেন তাও ফেলনা নয়। এই যুগে টাকা ছাড়া অনেককিছুই হয় না। তবে টাকা সবসময় তৃপ্তি দেয় না। অন্তত এতটুকু বলতে পারি যে বাকি মানুষগুলোর চেয়ে আমার কপালের ভাঁজ অনেক কম। হ্যাঁ চিন্তা হয়, কপালে ভাঁজও আসে; যখন বাচ্চাদের পড়াটা পুরোপুরি বুঝিয়ে কিভাবে দিবো সে চিন্তায় থাকি তখন। কিন্তু যেভাবে আছি ভালোই আছি বেশ। আমি জীবনকে খুঁজে নিয়েছি অন্যভাবে। উপরে সাদামাটা কিন্তু মনের দিকে কতশত রঙের বাহার...। সবার জীবন উপরে যতটা রঙিন হোক না কেন, আমার জীবন ভেতরে রঙিন, তৃপ্তির রঙে! একটি আয়াত মনে পড়ে:
*"বিত্তশালী ব্যক্তি তার বিত্ত অনুযায়ী ব্যয় করবে। যে ব্যক্তি সীমিত পরিমাণে রিযিকপ্রাপ্ত, সে আল্লাহ যা দিয়েছেন তা থেকে ব্যয় করবে। আল্লাহ যাকে যা দিয়েছেন তদপেক্ষা বেশী ব্যয় করার আদেশ কাউকে করেন না। আল্লাহ কষ্টের পর সুখ দেবেন।"*
*(সূরা আত-তালাক্ব: আয়াত ৭)*

আমার প্রাপ্তি এখানেই। আমি একজন শিক্ষক। আর আমি জানি এতটুক, সৃষ্টিকর্তা কখনোই কাউকে সবসময় খারাপ রাখেন না। এক শিক্ষক শিখিয়েছিলেন এই আয়াতটুকু বলে:
*"আল্লাহ কাউকে তার সাধ্যাতীত কোন কাজের ভার দেন না, সে তাই পায় যা সে উপার্জন করে এবং তাই তার উপর বর্তায় যা সে করে।"*
*(সূরা বাক্বারাহ: ২৮৬)*

এই বিশ্বাস নিয়ে প্রতিটি মানুষই অনেক দূর যেতে পারে। পদক্ষেপটা যতটাই ছোট হোক না কেনো!




***Art: Tasnia Alam Ruhi [29th Batch]***

# জঞ্জাল

*মোহাম্মদ রায়হান আখন্দ [৩৩তম ব্যাচ]*

তথাকথিত মেধাবী নামক কিছু মানুষ এলো বাসায়। ছোটবেলা থেকে যাদের গুণগান শুনে বড় হওয়া আমার। যাদের পরীক্ষার নম্বরের উপরে নির্ভর করত আজ কতটা মার খাব বাবার হাতে। আজ স্বপ্ন পূরণ হতে যাচ্ছে আমার। দুচোখ ভরে দেখবো তাদের।

ছোট এই রুমটায় আমি একাই সমাজের জঞ্জাল নই। আমার সাথে উঠবস করা কিছু জঞ্জালদেরও এনেছি আমি। আমার লজ্জিত বাবা, কিছু জঞ্জাল, কিছু মেধাবী মুখ আর কিছু গর্বিত বাবা নিয়ে রুমে এক ভিন্ন আবহাওয়া বিরাজ করছে। মেধাবী নামক এলিয়েন গুলো দেখতে মানুষের মতই। যদিও বাবা অনেক বলেছে ওদের ২ টা করে হাত পা, আমারও ২ টা। ওরাও ডাল ভাত খায়, আমিও খাই। কিন্তু আমি বিশ্বাস করিনি। আজ বুঝলাম তারাও মানুষ।

নিরবতা ভেঙ্গে একজন বলে উঠল, "আমার ছেলের সেমিস্টার রেজাল্ট বেরুল। সবাইকে পিছনে ফেলে এইবারও সে প্রথম, হা হা হা।" দানবীয় হাসি।
এক গাল হেসে আরেকজন বলল, "আমার ছেলে তো বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের সবচেয়ে বেশি নম্বরধারী, হা হা হা।"
একে একে সবাই নিজ নিজ ছেলের প্রশংসায় উচ্ছ্বসিত।
আমার বাবা আমার দিকে অগ্নিচক্ষু করে তাকিয়ে আছে।
আমি একগাল হাসলাম।
সবার তীক্ষ্ম দৃষ্টি আমার দিকে।
তাচ্ছিল্যভরা চোখে তাকিয়ে একজন জানতে চাইলেন হাসছি কেন। আমি বললাম, "ওই সোফায় বসে থাকা ছেলেদের নিয়ে এত গৌরব কিসের?" বললেন, "ওরা মেধাবী।" আবার জানতে চাইলাম, "আর আমরা?" বললেন, "তোমরা? হাহ্... জঞ্জাল!" আমি বললাম, "কিভাবে বুঝলেন?" বলল, "কোথায় পড়ি?" এই শহরেরই কোন এক প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের নাম বললাম। খুবই তাচ্ছিল্যের সহিত বলল বাবার টাকায় পড়ে আবার মেধাবী! কিছু বললাম না বাবার দিকে তাকিয়ে। নিজে ছোট হই কিন্তু বাবার মাথা উঁচু থাক।

কিন্তু তারা অদম্য। ঘন্টা পেরিয়ে যায় কিন্তু তাদের কথা ফুরায় না। এক সময় নিতে না পেরে বলে ফেললাম, "আপনাদের কাছে মেধাবীর সংজ্ঞা কি?"
বলল, "যারা পড়াশুনায় ভালো তারাই মেধাবী।"
জানতে চাইলাম, "কোথা হতে পেলেন এই সংজ্ঞা?"
বলল, "এ তো সবাই-ই জানে।"
বললাম, "তাহলে এর বাইরে সবাই জঞ্জাল?"
একটু থতমত খেয়ে আরেকজন বলল, "অবশ্যই, পড়াশুনায় ভালো না হলে তো জঞ্জাল-ই।"
আমি বললাম, "আপনারা বলতে চাচ্ছেন পড়াশুনা না জানা সর্বকালের শ্রেষ্ঠ মানব মুহাম্মাদ (সাঃ) জঞ্জাল?"
'আস্তাগফিরুল্লাহ' বলে আমাকে একরাশ গালাগাল সবার।
বললেন, "ওনার কথা আলাদা।"
আমি বললাম, "ঠিক আছে, বিশ্ববিদ্যালয় থেকে বের করে দেয়া গুগল ফেসবুক এর প্রতিষ্ঠাতারা জঞ্জাল? পড়াশুনা না জানা পৃথিবীর দ্রুততম মানুষটি জঞ্জাল? নাকি বিশ্বসেরা ফুটবলার, সঙ্গীতজ্ঞরা জঞ্জাল? নাকি কবি সাহিত্যিক চিত্রকরগণ জঞ্জাল?"
সবাই চুপ।
হঠাৎই একজন বলল, "তোমরা কি এমন কবি সাহিত্যিক? তোমরা তো সমাজের কলঙ্ক।"
আমি জানতে চাইলাম, "কেন?"
ওরা বলল ওনাদের ছেলেদের সাথে আমাদের তুলনাই হয় না। ওরা পাস করে বড় বড় অফিসার, বিসিএস ক্যাডার হবে, আমরা কি হব।
বললাম, "আপনি ওদের সাথে কেন তুলনা করবেন আমাদের। ওরা আলাদা, আমি আলাদা। আমরা প্রত্যেকে আলাদা।"
জানতে চাইল কেমন আলাদা? আমি আমার রুম থেকে আমার খরগোশ ছানাগুলো নিয়ে আসি। এসে রুমে থাকা একুরিয়ামের মাছগুলো দেখিয়ে বলি, "এই দুটি প্রাণীর মধ্যে কে মেধাবী?"
হকচকিয়ে সবাই, "মানে!!"
বুঝিয়ে বললাম, "যদি দৌড় প্রতিযোগিতা হয়?" সবাই, "তাহলে বিজেতা খরগোশ।" আবার বললাম, "যদি সাঁতার প্রতিযোগিতা হয়?" সবাই, "তাহলে মাছ।"
এরপর আমি বললাম, "তাহলে ভিন্ন গুণসম্পন্ন ২টা মানুষকে কিভাবে পারেন এক পাল্লায় মাপতে?" বলল, "মানুষের দ্বারা সব সম্ভব।" আমি বললাম, "ঠিক আছে তাহলে ওই মেধাবীদের একজনকে বলুন আমার চেয়ে ভাল গান গেয়ে দেখাতে, একজনকে বলুন আমার বন্ধুর মত এঁকে দেখাতে, একজনকে বলুন আমার বন্ধুর মত ফুটবল খেলে দেখাতে। আমরা কেউ খেলতে জন্মেছি, কেউ গাইতে, কেউ লড়তে, কেউ আঁকতে। সম্ভব তো সবই। তাই বলেই তো সবাই মিলে সব করব। সবাই যদি একটা কাজ করার জন্য জন্মাত তাহলে মানুষকে অন্য প্রাণীর মতো যে কোন এক কাজে পারদর্শী করেই বানাতেন সৃষ্টিকর্তা।"
তাচ্ছিল্য করে আবার একজন, "ওসব দিয়ে কিচ্ছু হবে না।" কিছুক্ষণ চুপ থেকে নিজেকে সামলে বললাম, "আংকেল, পৃথিবীর সৌভাগ্য যে লিওনেল মেসি, উসাইন বোল্ড, জুকারবার্গ ওরা আমাদের তথাকথিত সভ্য সমাজে জন্মায়নি। আর আমাদের বাবাদের দুর্ভাগ্য যে ওদের মতই কেউ একজন হয়ত আমাদের পরিবারেগুলোতে জন্মেছে।"
এই বলে বেরিয়ে গেলাম রুম থেকে আমি ও আমার জঞ্জালখ্যাত বন্ধুরা।
রুমে কিছু গর্বিত বাবা, কিছু তথাকথিত মেধাবী আর কিছু লজ্জিত বাবাদের নিয়ে ভিন্ন আবহাওয়া বিরাজ করছে। জানিনা তারা লজ্জিত কিনা। তবে আমি জঞ্জাল নই। আমি মানুষ। আমি আমার জন্যে জন্মেছি। 'আমি' হতে জন্মেছি।

# বন্ধু

*আব্দুল্লাহ মুহাম্মদ সামি [৩৬তম ব্যাচ]*

## এক.

সন্ধ্যা নেমে আসবে একটু পর। আজকের মত আড্ডা শেষ করে দুই বন্ধু মাঠ থেকে ধীর পায়ে সামনে এগোতে লাগল। পথিমধ্যে মুয়াজ্জিনের আজান শুনে মসজিদের দিকে চলে গেল নীল। নামাজ শেষে সে এসে শুভকে বলল, চল বন্ধু অপেক্ষার প্রহর শেষ তোর।
কই যাবি?
আর কই! চায়ের টং এর দিকে, বলল নীল। অট্টহাসি দিয়ে দুজনে আবার হাঁটা শুরু করল।
আচ্ছা নীল, এত রকম রূপ কিভাবে একজন মানুষের হতে পারে? অবাক হওয়ার ভান ধরে শুভ তাকাল নীল এর দিকে।
'অ্যামিবা প্রোটিয়াস!' বুঝিস বন্ধু? ক্ষণপদ সৃষ্টি করে মুহূর্তে পাল্টাতে পারি, পাল্টানো আমার ক্ষমতা। সিগারেটে টান দিয়ে কথার ইতি ঘটাল নীল।
শুভ নীলের দিকে তাকিয়ে ধোঁয়া ছেড়ে মাথা নাড়তে লাগল। কিছু একটা বলার চেষ্টা করল কিন্তু কিভাবে শুরু করবে বুঝতে পারল না। একটু সময় নিয়ে গলা খাঁকারি দিয়ে কণ্ঠ পরিষ্কার করে নিল।
আচ্ছা বাদ দে, তোর পড়াশুনা কেমন চলে?
কি আর বলব! পড়তে বসলে আর নামাজে দাঁড়ালে দুনিয়ার আজগুবি সব চিন্তা মাথায় আসে। তার উপর কেমিস্ট্রি আর অংকের চাপ মাথা হ্যাং করে দিচ্ছে।
আরে আমারও একই দশা! বায়োলজি মুখস্ত করার ভয়ে টেবিলের পাশেই যাওয়া হয় না, হেসে বলল শুভ।
একবার ফেল করেও শিক্ষা হয়নি আমাদের, এই বলে নীল শেষ টান নিয়ে সিগারেট নিচে ফেলে স্যান্ডেল দিয়ে চাপা দিল।
আবার বলা শুরু করল নীল, আমাদের বন্ধুরা সব বুয়েট, মেডিকেল আর ভার্সিটিতে হ্যাপি নিউ ইয়ার উদযাপন করছে আর আমরা শালা চায়ের টং এ বিড়ি নিয়ে পড়ে রইলাম।

হঠাৎ শুভর মোবাইল বেজে উঠল। রিসিভ করে কানে লাগিয়ে চুপ করে রইল কিছুক্ষণ, তারপর মোবাইল কেটে দিল।
চল উঠি, দোকানদারকে চা আর সিগারেটের টাকা দিতে দিতে নীলকে উদ্দেশ্য করে বলে শুভ।
কে ফোন দিয়েছে?
কেউ না, গেলে চল।
কি হয়েছে শুভ? কে কল দিয়েছিল? কই যাবি এখন?
রুমে চল, আজকে তুই কিনে আনবি
আজকে না বন্ধু, শুভর হাত ধরে অনুরোধের সুরে বলল নীল।
তুই না গেলে নাই, আমি একাই যাব।
আচ্ছা চল, এই বলে নীল আর শুভ হাঁটতে লাগল। অন্ধকার নেমে এসেছে শহরে, যে যার যার কাজে ব্যস্ত সবাই।
রুমের চাবি আছে? বলল নীল।
মাথা নেড়ে হ্যাঁ সূচক উত্তর দিল শুভ। তারপর বললো, ঐ যে লোকটা এদিক সেদিক তাকাচ্ছে তাকে গিয়ে বলবি দুই পিস দিতে আর শোন, ভাল দেখে দিতে বলবি - এই বলে চারশ টাকা নীল এর হাতে দিয়ে শুভ সরে পড়ল।

## দুই.

কি রে! আজকের জিনিসটা মনে হয় ভাল না শুভ।
তোকে দেখলেই মাম্মি-ড্যাডি পোলা মনে হয়, এজন্যে দুই নাম্বারটা দিসে।
তুই নিজে যাস না কেন? রাগত স্বরে বলল নীল।
আমি পলিটিক্স করি। সবাই আমাকে চিনে, তাই তোকে পাঠাতে হয়।
কিসের কচুর পলিটিক্স? তোমার ভাইয়েরা আরও বেশি খায়।
তাও... নিজের সম্মানের একটা ব্যাপার আছে না? শুভ নীল এর দিকে তাকিয়ে চোখ টিপ্পনী দিল।
আচ্ছা নে, আরও কয়েক টান নিয়ে নে। আজকে সারারাত ঘুম আসবে না, শুধু পড়ব। এই বলে নীল মাথা এলিয়ে দিলো।

রাত দশটার দিকে দুজনেরই মোবাইলে রিং হচ্ছে অনেকক্ষণ ধরে, সেদিকে কোন খেয়াল নেই তাদের। হঠাৎ নীল এর টনক নড়ে উঠলো। মোবাইল রিসিভ করেই বলতে শুরু করল, এইতো আম্মু আমি আর শুভ গ্রুপ স্টাডি করছি, একটু পরেই চলে আসব। বলেই কল কেটে দিলো।
এই রে শুভ! শেষ কর তাড়াতাড়ি, আজকে বাসা থেকে ফোন দিচ্ছে।
ফোন কি আমাকে দেয় না? প্রশ্নটা করেই অদ্ভুতভাবে বলল শুভ, আমার মোবাইলে দেখ কত্তোবার ফোন দিছে আব্বু আম্মু। এইসব এত পাত্তা দিস না, জীবনটাকে উপভোগ কর।
নীল চোখ বড় বড় করে তাকিয়ে আছে। কিছু বলতে ইচ্ছে হচ্ছে না তার।

## তিন.

রাত তিনটা। অস্থির লাগছে নীলের। বিছানায় এদিক সেদিক ছটফট করছে শুধু। ভাবতে লাগলো অতীতের স্মৃতিগুলো... খুব মেধাবী ছাত্র ছিল সে! সুন্দর বাচনভঙ্গি, নাদুসনুদুস চেহারা আর নজরকাড়া হাতের লিখার জন্যে ছোটবেলা থেকে বাহবা পেয়ে আসছিল। শুভ তার স্কুল জীবনের বন্ধু, নবম শ্রেণিতে খুব সখ্যতা হয় তাদের। তারপর আস্তে আস্তে দুজনে সারাক্ষণ সময় কাটাতে লাগল। এসএসসি পরীক্ষায় ভাল রেজাল্ট করলেও এইচএসসি'তে এসে তা কারো পক্ষেই সম্ভব হয়নি। হতাশা থেকে নিষিদ্ধ পথে যাত্রা শুরু করলো নীল। সবধরনের কুকর্ম করে বেড়াতো। আর এতে তাকে অনেকাংশে প্রভাবিত করেছে শুভ!



*Art: Tasnia Alam Rubi [29th Batch]*

সিগারেট দিয়ে শুরু হলেও এখন অনেকদূর এগিয়েছে নীল। খারাপ আর ভালোর মধ্যে পার্থক্য করতে পারে না সে। এইসব ভাবতে ভাবতে সকাল হয়ে গেলো। সারা রাত ঘুম না হওয়ায় সকালবেলা টেবিলে গিয়ে পড়তে চাইলেও কিছু পড়তে পারলো না। খাওয়ারও কোন রুচি নেই। জীবনটাকে অসহ্য মনে হচ্ছে নীলের। এমন সময় শুভ ফোন দিল, রিসিভ না করেই রেখে দিল সে।

খেতে এসো নীল, মায়ের ডাক এলো নাস্তার টেবিল থেকে। তার বাবাও যথারীতি পত্রিকা হাতে অপেক্ষা করছে।
আসছি আম্মু, বলে ধীর পায়ে আসলো নীল। বাবা চেয়ার এগিয়ে দিল। অনেকটা জোর করে রুটি আর ভাজি মুখে পুরতে লাগল নীল।
আরেকটু দিই? চামচে ভাজি নিয়ে বললো মা।
না থাক আম্মু, বলে বিরক্তি প্রকাশ করলো নীল।
তার বাবা বলে উঠলো, এত রাতে বাইরে থাকা নিরাপদ নয়। দেশের পরিস্থিতিও ভালো নেই এখন। বাসায় আসতে বলিও বন্ধুদের। তোমাকে নিয়ে আমাদের অনেক স্বপ্ন বাবা। এইবার অন্তত ভাল করে পরীক্ষাটা দাও। এইসব কথা বলতে বলতে বাবা উঠে চলে গেল।

সারাদিন মুভি আর গান শুনে দিনটা কাটিয়ে দিল নীল। সন্ধ্যাবেলা আবার কল করলো শুভ। এপাশে রিসিভ করতেই চেঁচিয়ে উঠল শুভ, কি রে? বের হবি না নাকি? তাড়াতাড়ি আয়, অনেক গুরুত্বপূর্ণ কাজ আছে।
কি কাজ?
আসলে দেখবি।
আচ্ছা।
এইটুকু বলে সাদা গেঞ্জি আর জিন্স প্যান্ট পড়ে এলোমেলো চুলে বেড়িয়ে পড়ল নীল। জানালা দিয়ে তার মা ডেকে বললো তাড়াতাড়ি ফিরতে।

## চার.

এতো দেরী করলি যে?
দেরী কই করলাম?
আচ্ছা মনযোগ দিয়ে শুনে নে, এই বলে শুভ কাছাকাছি এসে একটা প্যাকেট হাতে ধরিয়ে দিল। এইটাতে কিছু জিনিস আছে, ঠিক মত পৌঁছাতে পারলে ডাবল লাভ পাব।
হাত থেকে প্যাকেট ফেলে দিয়ে নীল বললো, আমি পারব না। বলেই সরে দাঁড়ালো নীল।
দোস্ত সাহস রাখ বুকে, আমিতো আছি।
ভরসা দিতে কাঁধে হাত রাখলো শুভ। তারপর বাইকে গিয়ে বসলো। কিছুক্ষণ ভেবে বাইকের পেছনে চড়ে বসল নীল। দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে দুজন। খানিকটা যেতেই পুলিশের বাঁশি শুনতে পেলো তারা। বুকটা ধড়ফড় করে উঠল নীলের।
পুলিশ! পুলিশ! শুভ থাম, পেছন থেকে বলতে লাগল নীল।
ভ্রূক্ষেপ না করে গাড়ির গতি বাড়িয়ে দিল শুভ। কিছুদূর যেতে না যেতেই পেছন থেকে হঠাৎ বিকট শব্দ এলো আর সাথে সাথে সব কিছু ঝাপসা মনে হতে থাকলো নীলের...
শুধু কানে বাজতে থাকলো আব্বুর স্বপ্ন আর আম্মুর তাড়াতাড়ি ঘরে ফেরার কথা!!

# The Girl from Nowhere

*Md. Tanvir Faisal [26th Batch]*

When I first saw this girl, she was shivering in cold cowering in a corner of a roadside seat. The footpath was busy with homecoming people who were going home to take the safest shelter from the unbearable cold out there which was increased to a great degree by the continuous drizzling. Nobody was paying any heed to this lonely girl who was possibly passing the worst winter night of her lifetime. Maybe that's why I felt something for her at the first sight. We all were wearing heavy jackets and sweaters to get rid of the cold weather but she was sitting on the footpath wearing a thin and weird cotton dress. That might be the reason for my being emphatic to her. However, I went to her and asked why she was out there in this extremely cold weather. She didn't look at me let alone replying to my query. Whenever I asked something she cringed more and took refuge in the seat from the menace I was creating by questioning her. Then, I asked her the same questions in Chittagonian dialect, this time, she looked at me with those pale eyes. I can never forget that intense look. Those eyes actually had nothing on them except hatred for this world and the people dwelling here. Our interaction was confined only to the eye-contact. She gave me a blank look and I became blank having no question left to my question bank. In the meantime, some curious people gathered around us. And there was a police station nearby, so she was shifted there in no time because of her silence and the effect of bad weather. A police officer asked her a series of questions but couldn't get one word in reply. I followed the girl to the police station and gave my contact number to the police officer and told him to inform me if her identity wasn't found and no one came to aid her.

After two long days, the officer called me as I was the only person who cared a bit for this girl from nowhere. The officer allowed me to bring her home with me after knowing my identity. That day, this girl seemed quite happy and relaxed with me, maybe she understood that she was unwanted to everyone in her surrounding. I gave her a job at the garments factory where I work as an AGM. I also managed a room for her. Surprisingly, all this time she never told a word but she gave a look full of gratitude every time I looked at her. She never understood my speech unless it's spoken in Chittagonian language. Everyone at her workplace thought she's mute. But, for some unknown reasons, I've always got a feeling that she could talk.

After three months of working, she turned into a beautiful woman leaving behind the miserable health and mental condition. And like every other love stories, a guy fell in love with her beauty and behavior despite the fact that she's mute. When he came to know I am the one who brought her here, he rushed to me with a proposal I couldn't refuse. This good guy wanted to marry her. I tried to make him understand that he'd get nothing except the bride. But he seemed really desperate. So, I agreed. They got married and she was quite happy. The couple worked together and lived together. I used to visit her workplace and never saw her without a smiling face. A perfect married life that all of us may envy.

Things were going to the way as it's supposed to go. But one day, she spoke some words for the first time. A long desired good news for every woman of this mother Earth. This news completes the entity of a woman. She was blessed with the fruit of her love, she got pregnant. Mistakenly, she couldn't help expressing happiness on that very special day and uttered the news to her loving and caring husband. Yes! She spoke a few words carrying this heavenly message of getting pregnant. For a moment, they celebrated together until her husband realized that she could actually talk. After knowing the fact that she could speak, the husband started to ask her hundreds of questions about her past and identity. And, that gave birth to a brand-new problem instead of a new child. Things were getting worse as the past of this girl was not a usual one. She was a Rohingya who fled to Bangladesh and took shelter in Teknaf. Sadly enough, she fell into the trap of a broker who allured her with the hope of a better future. He brought her to Chittagong. The attitude of this broker frightened her and assuming the danger ahead she escaped from him. That's when she was found in the first place. After this revelation, she lost her 'stranger' identity and got back the previous one of a Rohingya refugee. She was the girl from nowhere but now she is tagged as a Rohingya girl by the society. Her husband, as well as, Bangladeshi law was against her. The husband preferred an unknown girl rather than a girl having this sort of known background. Love doesn't always win against all odds. Isn't it strange? We tend to love a stranger more than someone whom we know very well. The girl was shocked and broken into a thousand pieces when she heard what her husband had to say. Everything became upside down. She was brought back to the Rohingya camp with a tiny life in her womb. She was highly expected there, her relatives also shifted there as a refugee. They were waiting for her return all these days. But, after knowing the story they also abandoned her. And the news of pregnancy was the last thing they heard from her. They never believed her wholly and accused her of being a whore, which she's not. Life is the most difficult for a girl who goes missing for some days, months or years. Things will be never as before for them in this part of the world. It's better to go missing forever. At least, the family will wait for her endlessly and the girl will be remembered with a sense of grief. But, in a case like this, the family gets a lost child back but loses dignity at the same time. Since then she stopped explaining herself and became mute again. She never talked again as she never felt love what she did for her husband and started to survive instead of living.

She was among her countrymen in another country, hated by both the countries. Her situation is like that of every Rohingya people. They are hated for their identity. They are accepted neither by their own country nor another country. They live in between the two countries with a head which is not ever high. I was busy and happy with my life until the thought of her pregnancy hit my mind last month. I visited the refugee camp to know her whereabouts and it was very easy to get her news as almost every one of the refugee camp knows her tragic story though they don't believe it. She died while giving birth to a baby boy. Before death, she named him after someone and those were the last words she told according to the midwife. I couldn't talk for hours when I came to know that this little boy shares the same name I do. Maybe I was a brother to his mom whom she loved till the last breath. I failed as a brother and I failed again as an uncle this time.

# BRUISES

***Syeda Shahnaj Mosleh [33rd Batch]***

Winter Morning.
Atiya entered into the class with her big sarcastic smile and keeps the bag on her bench. She is usually a latecomer but today she was early. Atiya was a jolly fellow in the class but today she had a serious job to be done.
She took out a book from her bag, marked a particular page in it and with great irritation proceeded towards...
In life, we meet people mostly out of our interest and comfort. People we really don't admire sticks to us the most. Atiya was one such matter.
She stood behind, handed over the book and with quite a rough tone said, "Read it, Ana, the marked part. At least now you'll stop bothering others and yourself too."
Atiya was rude, isn't it?
Well, as Ana was wondering about such a manner from Atiya and indulged herself into a broken state, she then took the concentration to open the book and discover, why Atiya gave her the book!!??
As soon as, she opened the page and read the first paragraph of the marked page, the teacher entered into the class and she kept the book aside.

Later, that evening Ana went to home from school and found her mother sitting on the parchment. Like each day, her mother served her food and Ana uttered a question while having the first bite,
"Maa, what's the thing that weakens a man?"
Surprised at first, and trying to figure out the meaning of the question, her mother exclaimed,
"What made you ask such a question?"
"Just casually", answered Ana and got up to wash her hands.
While moving towards her room and her mother cleaning up the table, she turns abruptly and says, "I can see the bruises on your body."
She then enters into her room and takes out the book which Atiya gave her from the bag and starts reading it.
Soon she could finish it, she heard sounds from her parents room. She kept the book on the table and went towards the room. Seeing her near the door, her father moved out of the room. She then enters into the room, holds her mother up and asks,
"Why do you tolerate?"
Her mother replied in pain, "Because you're in our lives."
Ana surprised, questions further, "Am I the obstacle to your freedom?"
Her mother caressing her hairs and answers, "No, my child, you are the reason we are together and your father loves you a lot."
Less her mother knew, her daughter was a girl too and she feels it...
Whole night Ana kept thinking, what is this word "love" meant? As she kept wondering, she felt asleep.

Early morning when she woke up, sighted the book on the table and realized...
The story Atiya gave her, the character was Ana itself, who conquered his worries but Ana was yet to do that...
Soon enough Ana knew the way now..
Next morning, Ana returned the book to Atiya and said, "Thank you."
Atiya smiled, in return.
No one knows whether Ana conquered her worries or not but she got the answer to her questions.

People like Atiya will never show their love for you but they will try the best to help you fly. Whereas on the other hand, Ana's father, who loved her but never understood that her happiness was her mother's smile not bruises.



*Art: Fabliha Tafanom Bushra [33rd Batch]*

# কৃতজ্ঞতাবোধ

*আজিজা সুলতানা আমরিন [৩৪তম ব্যাচ]*

সময়টা তখন ভোর ৪টা।

চতুর্দিকে একটা নিস্তব্ধতা বিরাজমান। মহান আল্লাহ পুরস্কারের ডালি খুলে বসেছেন। ঘুরে ঘুরে খুঁজছেন কে তাঁর কাছে কি চাচ্ছে। ‘আল্লাহ্’, ‘ইসলাম’ শব্দগুলোতে অদ্ভুত এক মায়া।

তখন বৃষ্টির কারণে আরো একটা অদ্ভুত জিনিস ‘ঘড়ির টিকটিক শব্দ’ শোনা যাচ্ছিলো না। নিস্তব্ধতা ভাঙতে এটা খুব কাজ দেয়। আমি উঠে দাঁড়ালাম। বারান্দায় বের হয়ে মহান রাব্বুল আ'লামীনের অপূর্ব সৃষ্টি ‘বৃষ্টি’র ফোঁটাগুলো ছুঁয়ে অনুভব করার চেষ্টা করলাম। আমাদের রাসুলুল্লাহ(সাঃ)-ও বৃষ্টির সময় নিজের হাতে নিয়ে সারা গায়ে মাখতেন।

মনে হচ্ছে বৃষ্টির ফোঁটাগুলোও তখন আল্লাহর ইবাদাতে নিয়োজিত। মহিমা ঘোষণা করছে প্রতিনিয়ত। এটা অদ্ভুত জিনিস- বৃষ্টি! মুহূর্তে মন ভালো করে দিতে পারে। মুখ দিয়ে সুব'হান আল্লাহ বের করে আনতে পারে। পবিত্র কুর'আনুল কারীমে মহান আল্লাহ বলেছেনঃ

**“তুমি কি দেখনি যে, আল্লাহ আকাশ থেকে পানি বর্ষণ করেছেন, অতঃপর সে পানি যমীনের ঝর্ণাসমূহে প্রবাহিত করেছেন, এরপর তা দ্বারা বিভিন্ন রঙের ফসল উৎপন্ন করেন, অতঃপর তা শুকিয়ে যায়, ফলে তোমরা তা পীতবর্ণ দেখতে পাও। এরপর আল্লাহ তাকে খড়-কুটায় পরিণত করে দেন। নিশ্চয়ই এতে বুদ্ধিমানদের জন্যে উপদেশ রয়েছে।” (সুরা আল যুমার-২১)**

কি মহিমান্বিত লাইন! কি হতো যদি আল্লাহ বৃষ্টি না দিতেন? না দিলেও তো পারতেন! কিন্তু রাহমানুর রাহিম কিনা তাই আমাদের প্রতি তিনি করুণা করেন। দুনিয়াতে সব কিছু গিভিং-রিসিভিং নীতি অনুসরণ করে। তিনি আমাদের জন্য কত কিছু করছেন। বিনিময়ে কিচ্ছু চান না। শুধুমাত্র তাঁর আনুগত্য, কৃতজ্ঞতা স্বীকার করি, তাঁর ইবাদাত করি, এগুলোই চান।

হঠাৎ আজানের শব্দে ভ্রম কাটলো। ব্যাপারগুলো চিন্তায় ফেলে দেয়। কতটা কি করেছি? ডান কাঁধের ফেরেশতাকে দিয়ে কতটা লিখাতে পেরেছি? আমরা আসলে কি করছি আর কি করতে বলা হয়েছে!!

# অপেক্ষা মহাকালের...

*মুসাম্মাৎ হেনান [২৯তম ব্যাচ]*

জন্ম থেকে প্রতিটি দিন আমরা কাটিয়ে আসি যেখানে পর্যায়ক্রমে আসে দুঃখ হতাশা আর তারই সাথে থাকে আনন্দ আশা। তবুও জীবনের হাল ছেড়ে দিইনা, আগামী দিনগুলোর আশায় আর অপেক্ষায় ধীরে ধীরে আয়ু কমতে থাকে। কিন্তু স্বাভাবিকভাবেই মহাকালের বিশাল গহ্বরকে আর আমাদের মনে থাকে না। জীবনের ত্বরণের ধারায় তাল মিলাতে গিয়ে আমরা সেই আগত অন্ধকার জগতটাকে ভুলে যাই। হ্যাঁ, ঐ মহাকাল অন্ধকার তাদের জন্য, যাদের এই মহাকাল নিয়ে কোন প্রস্তুতি নেই।

পৃথিবীতে আমরা কোন্ প্রস্ততিতে ব্যস্ত সবসময়? অবশ্যই তা মহাকালের জন্য নয়। দিনদিন প্রতিদিন বেঁচে থাকার সংগ্রামেই তৈরী করে নিচ্ছি নিজেদের, কিন্তু অবধারিত আর অনিবার্য সময়টাকে নিয়ে ক'জনেই বা ভাবে? সবার মাঝে শুধু স্বার্থপরতা, বেঁচে থাকার প্রচেষ্টার এক অসীম কাতরতা। এই স্বার্থপরতা মানুষকে দিনদিন দূরে সরিয়ে দিচ্ছে মহাকালের চিন্তাধারা থেকে। এই আত্মকেন্দ্রিকতার অনুঘটক হিসেবে দায়ী আমাদের অসীম চাহিদা।

সৃষ্টিকর্তা মানুষকে অনেক দান - ঐশ্বর্যে ভরিয়ে দিয়েছেন, তা চিন্তাধারার দিক দিয়ে হোক বা বিবেক-বিবেচনার দিক দিয়ে হোক। তবুও মানুষ অকাতরে দোষারোপ করে যায় তার ভাগ্য আর বিধাতাকে। অথচ মানুষ নিজেই তার প্রাপ্তির জন্য দোষী তা সে কখনই বুঝতে পারে না, হয়ত তার এমন চেতনার উদয় মৃত্যুর শেষ সময়েও হয়না।

তার একটি দিনের শুরু হয় অগোছালো কর্মব্যস্ততা দিয়ে আর এর শেষ হয় নিস্তেজ শরীরের ক্লান্ততা দিয়ে। দিন শেষে যদি হিসেব মিলিয়ে দেখা হয় তাহলে হয়তো হাতে গোনা কয়েকটি কাজও খুঁজে পাওয়া যাবেনা যা তাকে সন্তুষ্ট করেছে বা আত্মতৃপ্তি দান করেছে। শুধু দিন কেন একজন মানুষ যদি তার জীবন শেষে মৃত্যুর সময়েও চিন্তা করে দেখে, তাহলে হয়তো সে আবিস্কার করতে পারবে যে তার জীবদ্দশায় সে তো একটি দিনও সুন্দরভাবে কাটাতে পারল না! তাহলে সারা জীবন এত পরিশ্রম আর সংগ্রাম সে করলই বা কেন? যেমনটি উসবৎংড়হ এর কাছে মনে হয়েছিল ‘‘এ্যবরৎ ড়িৎশং ধৎব ফড়হব ধং ধহ ধঢ়ড়ষড়মু ড়ৎ বীঃবহঁধঃরড়হ ড়ভ ঃযবরৎ ষরারহম রহ ঃযব ড়িৎষফ.চ এবং এটাই প্রকৃত সত্য যে মানুষ বিনা পাপেই বেঁচে থাকার প্রায়শ্চিত্ত করে যায় অবলীলায়, যা থেকে তার সারাজীবন মুক্তি মেলেনা। মানুষ তার অজান্তেই এই প্রায়শ্চিত্তের কারাগারে বন্দি। এমন জীবন সবার কাছে স্বাভাবিক বলেই মনে হয়, অথচ তারা উপলব্ধি করার অবকাশও পায় না যে কত অস্বাভাবিকতায় পরিপূর্ণ তাদের জীবন।

স্বার্থপরতা, অরাজকতা ও বর্বরতায় ভরে গেছে মানুষের জীবন। শুধুই বিনাশের আর্তনাদ চারিদিকে। মানুষের সাধারণ বিবেক বুদ্ধিগুলো এখন আর ব্যবহৃত হয়না। রক্তপিপাসু মানুষগুলো পিশাচের মত রক্ত ছড়াচ্ছে অন্য মানুষদের। তাদের কি এই ভাবনা নেই যে এই জগত ছাড়াও আরেকটি জগত তাদের অপেক্ষায় আছে। ঐ জগতে কিভাবে তারা পরিশুদ্ধ আত্মা নিয়ে বাস করবে, যাদের কিনা কর্মেরই কোন শুদ্ধি নেই।

মানব সভ্যতার সূচনালগ্ন থেকে কোটি কোটি মানুষ মিলিয়ে গেছে কালের অবিরত স্রোতের ধারায়। শুধু তাদের কর্মটাই থেকে যায়। কর্মটাই যেখানে মুখ্য, সেখানে মানুষ এই কর্মটাকে ভালভাবে প্রয়োগ করার কোন প্রয়াসই করে না। আজ ভাল কাজের বাণীগুলো ছোটদের ছড়ার মতো, মানবতার কল্যাণের কথাগুলো বক্তৃতা দানের মতো আর ধর্মীয় অনুশাসনগুলো পুঁথি পাঠের মতো। মূল্যবোধ আর নৈতিকতা সবই হারানোর শেষ পর্যায়ে। মানবতার এই বর্তমান চিত্রটি নতুন নয়, কিন্তু মানবতা বিকাশের নতুন ভাবনার কোন উদয় চিহ্নও তো বিরল!

স্বার্থপরতার বিভৎস গ্রাসে আজ মানুষের মন ও আত্মাও বিভৎস। সাধাসিধে জীবন যেন কারই পছন্দ নয়, তথাকথিত জীবনধারায় সবাই অভ্যস্ত। সারল্য জীবনধারা থেকে সরে যাওয়াতেই মানব সমাজের আজ এই অবস্থা। কিন্তু কঠিন হলেও সত্য এই যে, এত রঙ্গখেলার পরিসীমা পৃথিবীর পরিধি পর্যন্তই। প্রতিটি স্বত্তাকেই প্রবেশ করতে হবে সেই অনন্ত মহাকালের কক্ষে, যেখানে তার নিষ্ক্রিয়তা কার্যক্ষমতা নিয়ে ভোগ করতে হবে প্রতিটি কর্মের পরিণতি।

মানুষ কি আদৌ ভাবে মৃত্যুর পরের সেই পাঁচটি জিজ্ঞাসাবাদের কথা? সেই জিজ্ঞাসাবাদের যর্থাথ উত্তরগুলো কি আছে তাদের কাছে? অনিবার্য বাস্তবতাকে কি তারা আদৌ বিশ্বাস করে মন থেকে? সৃষ্টিকর্তার কাছে লজ্জিত হওয়ার সেই লজ্জাটুকু কি আছে তাদের? এই ভাবনাগুলো কেবল একজন চিন্তাশীলকেই নাড়া দেয়, আর তার চিন্তাশীলতার প্রতিফলন ঘটে তার কর্মে। এই কর্মকে প্রায়শ্চিত্তের রুপ না দিয়ে যদি আত্মতৃপ্তির জন্যে প্রয়োগ করা যায়, তবেই ব্যক্তির আত্মা তার স্বার্থপরতা আর অফুরন্ত চাহিদার কবল থেকে মুক্তি পাবে।

মানুষ বুঝেও বুঝার চেষ্টা করেনা যে এই না পাওয়ার পৃথিবীতে পূর্ণতার স্বাদ গ্রহণ কোন মানবেরই এই পর্যন্ত সম্ভব হয়নি। অপূর্ণতার গ্লানি নিয়েই সবাই পৃথিবী ত্যাগ করে গেছে। তাই অনন্ত মহাকালে পূর্ণতা লাভের আশায় হলেও মানুষ তার ভাবনাকে বদলাক, তার ধ্যান ধারণাকে বদলাক, তার কর্মধারাকে বদলাক। মানুষ মহাকালকে ভাবুক আর না ভাবুক, মহাকাল আছে সেই মানব সভ্যতার অপেক্ষায় যাকে মিশে যেতে হবে তাঁর অসীম পরিসরে। কারণ সবচেয়ে বড় চিরন্তন সত্য এই যে - প্রত্যেককে মহাকালের কঠিন বাস্তবতার মুখোমুখি হতে হবে, যেখানে কঠোর সেই মহাকাল ভাল কর্মের চাকচিক্য ছাড়া কিছুই গ্রহণ করবে না। পাপাচারীদের প্রতি সে হয়ে উঠবে নির্দয়। আর তাই হবে সম্পূর্ণ মানব সভ্যতার এক চরম পরিণতি।

...............................



*Art: Sumaiya Binte Ali [30th Batch]*

# আহবান

*মাসুদুল হাসান [৩৪তম ব্যাচ]*

কৃত্রিম এই শহরের সৌন্দর্য আমি খুঁজে বেড়াই দিনের পর দিন। মধ্যরাতে সোডিয়াম বাতির আলোই আমার এই শহরের সবচেয়ে সুন্দর জিনিশ মনে হয়। কিন্তু পরক্ষণেই রাস্তার পাশেই ছিন্ন কাপড়ে ঘুমিয়ে থাকা ক্ষুধার্ত মলিন মুখগুলোই জানিয়ে দেয়, এই শহরে সৌন্দর্য বলে কিছু নেই, সব কৃত্রিম। কেন যেন মনে হয় বন্ধুত্বগুলো কৃত্রিম, হাসিগুলো কৃত্রিম, আড্ডাটাও কৃত্রিম। আমাদের বন্ধুত্ব, হাসি আর আড্ডা আজ নামিদামি রেস্টুরেন্টের চার দেয়ালেই বন্দী। আমি সেখানে আমাদের হাসিগুলোর আর্তনাদ শুনতে পাই। আমাদের হাসিগুলো বন্দী আজ। আমাদের আড্ডাগুলো যন্ত্রণায় ক্লিষ্ট। আড্ডার প্রাণটা আজ নেই।
আমাদের এই কৃত্রিম অবস্থা ভেবেই হয়তো কবিগুরু আজ থেকে শতবছর আগে বলে গেছেন,

**"দাও ফিরে সে অরণ্য, লও এ নগর,
লও যত লৌহ লোষ্ট্র কাষ্ঠ ও প্রস্তর
হে নবসভ্যতা! হে নিষ্ঠুর সর্বগ্রাসী,
দাও সেই তপোবন পুণ্যচ্ছায়ারাশি,
গ্লানিহীন দিনগুলি, সেই সন্ধ্যাস্নান,
সেই গোচারণ, সেই শান্ত সামগান,
নীবারধান্যের মুষ্টি, বল্কলবসন,
মগ্ন হয়ে আত্মমাঝে নিত্য আলোচন
মহাতত্ত্বগুলি।"**

আমাদের হাসি আর আড্ডায় প্রাণ ফিরে আসুক। সজীবতা ফিরে আসুক চারপাশে। আবার প্রাণোচ্ছল আড্ডায় মেতে উঠি আমরা। দশ টাকার বাদামের ঠোঙা নিয়ে আমরা ঘন্টার পর ঘন্টা আড্ডায় মেতে থাকবো। প্রাণ খুলে হাসবো আবার।
অতীষ্ঠ প্রাণে আসুক সজীবতা। কৃত্রিমতা দূর করে ফিরে আসুক উচ্ছ্বাস। প্রকৃতির রঙে রাঙাই নিজেদের। হাসিগুলো ফিরে পাবে প্রাণ।

# জীবন থেকে উপলব্ধি

*সাবরিনা হক আনিজা [২৬তম ব্যাচ]*

শান্তির খোঁজে বের হয়ে সব সময় অশান্তি নিয়ে ফিরে আসতে হয়। মন রঙিন হলেও জীবনের বাস্তবতা সাদাকালো। কাঁটা ভরা পথ পার করতে হয় বহু কষ্ট নিয়ে। তবুও এগিয়ে যেতে হয় কিছু পাওয়ার আশায়। আশা নিয়ে বেঁচে থাকতে হয় এই ভুবনে। কিন্তু আশাই যদি পূরণ না হয় তবে মানুষ কি নিয়ে বাঁচবে? অনেক কিছু মেনে নিতে হয় হাসিমুখে। বার বার মনে মনে বলতে হয় অনেক কিছু তো মেনে নিলাম এটাও না হয় মেনে নিই! ভাবে, যদি এটা না হয় জীবন কেমনে চলবে! ঐটা না হলে তো জীবন চলবেই না! কিন্তু জীবন ঠিকই চলে জীবনের গতিতে। একটু কষ্ট হয়, তারপর আবারও উঠে দাঁড়াতে হয় কিছু পাওয়ার আশায়। হয়তো সফল হবো নয়তো ব্যর্থ। কিছু মানুষের ভাগ্য এত ভালো যে তারা যা চায় তাই পায় আবার এমনও আছে কিছু যারা না চেয়েও পেয়ে যায়।

মাঝেমাঝে মনে হয় মানুষকে বেশি গুরুত্ব দিলে তাদের মূল্যটা বেড়ে যায়। সেই মানুষদের জন্য কত সমস্যার মোকাবেলা করতে হয় হয়তো সেটা বুঝে উঠার ক্ষমতা তাদের নেই। সবাই ছেড়ে চলে যায় যখন তাদের প্রতি ভালবাসাটা বেড়ে যায়। তাই ইচ্ছা হয় আর কাউকেই কাছে না রাখতে। এক সময় ইচ্ছা হয় জীবনের তিক্ততা থেকে পালিয়ে যেতে। পালিয়ে যাওয়ার ক্ষমতাও থাকে না অনেক সময়। এভাবেই জীবন কাটাতে হয় নানা রকম বেদনা নিয়ে।

# A Winter of Realisation

*Umme Salma Smrity [29th Batch]*

December 1st of the year 2012 was meant to be regular Monday. Just like every Monday, I was about to join the after lunch gossip with my cousins and had a plan to visit the Patenga sea beach with them. But the day was different. A kind of uncanny feeling covered my heart and I was not feeling into anything. That gloomy and cloud-capped meridian, I got a call from my mother. She cried and said me to leave for Feni immediately. I did the same and had not any idea what to think. Although I tried to assure myself that nothing could happen to anybody of my family, anxiety clouded my mind.

With thriving curiosity I trudged home and when I reached there I came to know that back in the morning my great grand-mother met with a severe accident and her right arm and spinal cord was crucially injured. I rushed to her room and saw that she was lying on the bed and her eyes were closed. I felt a profound emotion surging up in me, one that I had never experienced before- a wrenching sense of trepidation, laced with sickening adrenaline. I sat beside her, sensing my presence she opened her eyes wide and said, “My Moni came”. Maybe that was the last person she had seen and talked before her journey to the eternity. She was in that state for about three more days and then on the night of 4th December while I was reciting the Holy Quran, tears flooded her eyes and her body started to spasm. The seizure took control of her body and gradually her body seized up. Uneasiness and fear rushed down my spine. I felt my limbs were too heavy to lift and I couldn’t even utter a word or shout out to others to come. I was frozen still. When I was kid, I was crybaby. But at that time I didn’t even weep or sob. My all the five senses got numb.

I, the one who was petrified about death and dead bodies, who had never seen any dead body in her sixteen years life, had spent the whole night with a dead body, as it was not possible to do the burial process at night. As her closest, I also had to take part in her last bath and other rituals.

It was the first time since my childhood that I saw a lifeless body with such a close spectacle. It was a traumatizing experience, and for a few days I was in despair and couldn’t get my senses back. I couldn’t believe that the one who had never said a harsh word to anybody, who had never missed a single waqt of salah in her entire life, who lived by strong moral code and never sacrificed her values for material rewards, had to go through such a tragic end. Though she was not that much young or may be old enough to experience death, I could not accept the fact that she had to die an unnatural death. But then I realized that death is but a different world on the other side of the door and fear is not something that cannot be conquered. This incident turned a sixteen year sophomore into an adult and further led me to make a more mature approach to life. From then on I have learned to respect and cherish all the relations I have because I do not know when I might have to put a stop in loving them or to take care of them. Today, I still hold on to the lesson that fear is nothing but my own conviction and ahead of it there is a stronger me is waiting.



*Art: Maliha Islam [31st batch]*

